ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



বছরের সবচেয়ে দামি নায়িকা দীপিকা

পৃঃ ৫



ব্যর্থতার ঝুলি হাতে দেশে ফিরে ম্যানেজমেন্টকে যা বলতে চান বাবর

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৭১ ● কলকাতা ● ০৯ আষাঢ়, ১৪৩১ ● সোমবার ● ২৪ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ভোট মিটতেই কোমর বেঁধে প্রশাসনিক কাজে নেমে পড়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলতি মাসেই সম্পন্ন হয়েছে ২০২৪ লোকসভা নির্বাচন। আর ভোট মিটতেই কোমর বেঁধে প্রশাসনিক কাজে নেমে পড়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রশাসনিক কাজে যাতে ঢিলেমি না দেওয়া হয়, কোথাও যাতে কোনও কাজ বকেয়া না থেকে যায়, সেটাই সুনিশ্চিত করতে চাইছে রাজ্য সরকার। উল্লেখ্য, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর আসনে বসার পর থেকে বহুবার প্রশাসনিক বৈঠক করেছেন মমতা। কলকাতায় বসে সরকার চালানো নয়, বরং জেলায় জেলায় ঘুরে প্রশাসনিক বৈঠকের একটি বিশেষ পদ্ধতি নেয় টি এম সি সরকার। এখন সেই পদ্ধতি বজায় রয়েছে। সেই বৈঠকে উপস্থিত থাকেন জেলা শাসক, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক, জেলা পুলিশ সুপার, জেলার নানান দফতরের কর্তারা। পাশাপাশি জেলায় ব্যবসায়ী সহ নানান মহলের প্রতিনিধিদেরও সেখানে আমন্ত্রণ জানানো হয়। এমন বৈঠকে যাতে মুখ্যমন্ত্রীর রোষের মুখে না পড়তে হয়, সেই কারণে এখন থেকে 'রেডি' হচ্ছেন প্রশাসনিক কর্তারা। ইতিমধ্যেই একাধিক মিটিংয়ে প্রশাসনিক কর্তাদের চেপে ধরেছেন মুখ্যমন্ত্রী। কয়েকজনকে তাঁর ধমকের মুখেও পড়তে হয়েছে। সম্প্রতি যেমন ট্রাকের ওভারলোডিং নিয়ে বকুনি দিতে দেখা গিয়েছিল মমতাকে। বেআইনিভাবে টাকা আদায়ের জিনিসটিও প্রকাশ্যে আনেন তিনি। তবে এবার জানা যাচ্ছে, বকেয়া প্রকল্পগুলির ওপর ফোকাস করতে চাইছেন মুখ্যমন্ত্রী।

বেশ কয়েকটি প্রশাসনিক বৈঠকে মমতা সকল প্রকল্পের কাজ কতখানি এগিয়েছে,

এরপর ৩ পাতায়

## সাইবার জালিয়াতি রুখতে তৎপর পুলিশ



**রাজস্থান: নিউজ সারাদিন :** সাইবার জালিয়াতি রুখতে তৎপর পুলিশ। জালিয়াতদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করা হচ্ছে। দু'দিন আগেই দিল্লি ও উত্তরপ্রদেশ থেকে ৮ অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। সাইবার জালিয়াতি কাণ্ডের প্রধান অভিযুক্ত সুফিয়ান ইসমাইল শেখকে গ্রেফতার করা হয়েছে মুম্বই থেকে। শেয়ার বাজার থেকে ব্যাপক মুনাফার লোভ দেখিয়ে বিনিয়োগকারীদের কাছ থেকে টাকা তুলত তারা।প্রসঙ্গত, মাস খানেক আগে কোতোয়ালি থানায় মুনাব্বরের ছেলে মহম্মদ সোলেমন তাইলি একটি এফআইআর দায়ের করেন। সেখানে তিনি অভিযোগ করেন, কয়েকজন যুবক মিলে জিওয়ান-এসএসজিএ এক্সচেঞ্জ অ্যান্ড স্টাডি ক্লাব নামে একটি গ্রুপ তৈরি করেছে। ওই গ্রুপের সদস্যরা সাইবার জালিয়াতি করে ৮৭.০৩ লাখ টাকা হাতিয়ে নিয়েছে। সেই টাকা

এরপর ৩ পাতায়

## বাংলায় গণতন্ত্র মানুষের জন্য নয়, দলের জন্য:শুভেন্দু



**কলকাতা: নিউজ সারাদিন :** "বাংলায় গণতন্ত্র মানুষের জন্য নয়, দলের জন্য।" তৃণমূল কংগ্রেস তথা মুখ্যমন্ত্রীকে নিশানা করে ঠিক এই ভাষাতেই সোশ্যাল মিডিয়ায় বিস্ফোরক অভিযোগ করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মুখ্যমন্ত্রী পুর পরিষেবা নিয়ে প্রশাসনিক বৈঠক ডেকেছেন অথচ সেই বৈঠকে বাদ তাহেরপুর ও ঝালদা পুর কর্তৃপক্ষ।এলাকার উন্নয়নমূলক আলোচনায় এভাবে কি সরকারি বৈঠকে নির্দিষ্ট করে দুই পুরসভাকে বাদ রাখা যায়? এই প্রশ্ন তুলেও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, "এই সিদ্ধান্ত সোজা কথায় জনগণের ইচ্ছাকে ক্ষুণ্ন করা হল।" যদিও এ ব্যাপারে মন্ত্রী ফিরহাদ হাকিমকে প্রশ্ন করা হলে তিনি শুধু বলেন, "যে সমস্ত পুরসভা গুলিতে সমস্যা রয়েছে শুধুমাত্র সেই সমস্ত পুর কর্তৃপক্ষকেই বৈঠকে ডাকা হয়েছে। যে সমস্ত পর কর্তৃপক্ষকে দরকার হয়নি আগামী সোমবারের বৈঠকে তাদের ডাকা হয়নি।" এদিকে শাসক দল তথা সরকারকে নিশানা করে রাজ্যের প্রধান বিরোধী দল বিজেপির একটি শিবিরের দাবি, "লোকসভা ভোটের ফলাফল সামনে আসতেই দেখা যায় শহরাঞ্চলের মানুষ তৃণমূলের থেকে মুখ ফিরিয়েছে। সেই কারণেই ড্যামেজ কন্ট্রোল করতেই শুধুমাত্র তৃণমূল পরিচালিত পুর কর্তাদের বৈঠকে তলব করা হয়েছে।" যদিও এ ব্যাপারে শাসকদল বলছে, "এই বৈঠকের সঙ্গে

এরপর ৩ পাতায়

## হজ করতে গিয়ে তীব্র গরমের জেরে এখনও পর্যন্ত হাজারের বেশি তীর্থযাত্রীর মৃত্যু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হজ করতে গিয়ে তীব্র গরমের জেরে এখনও পর্যন্ত হাজারের বেশি তীর্থযাত্রীর মৃত্যু হয়েছে বলে রবিবার সরকারিভাবে জানাল সৌদি আরবের প্রশাসন। সংবাদ সংস্থা এপির প্রতিবেদন থেকে জানা গেছে, রবিবার সৌদি আরবের প্রশাসনিক আধিকারিক সরকারিভাবে জানিয়েছেন যে এখনও পর্যন্ত হজ করতে এসে মৃত্যু হয়েছে হাজারেরও বেশি তীর্থযাত্রীর।সৌদি আরব প্রশাসন সূত্রে খবর, তাদের পক্ষ থেকে অনুনোমদিত তীর্থযাত্রীদের মক্কায় আসা আটকানোর জন্য অভিযান চালানো হয়। যার জেরে ১০ হাজার মানুষকে আটকানো গেছে। যার মধ্যে বেশিরভাগই মিশরীয়। যাঁদের মধ্যে কিছু মানুষ পায়ে

এরপর ৩ পাতায়






# ইউক্রেনের জ্বালানি খাতে বড় হামলা রাশিয়ার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শনিবার ২২ জুন ইউক্রেনের জ্বালানি মন্ত্রণালয় জানিয়েছেন, গত তিন মাসে এ নিয়ে অষ্টমবারের মতো জ্বালানি অবকাঠামোতে হামলা চালালো রাশিয়া। এদিকে, উত্তর-পূর্ব ইউক্রেনের খারকিভেও রুশ হামলায় অন্তত ২ জন নিহত ও ২৫ জন আহত হয়েছে। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি এ খবর জানিয়েছে। ইউক্রেনের বিমান বাহিনী জানিয়েছে, বিভিন্ন অঞ্চলে রাতভর রাশিয়ার ছুড়ে মারা ১৬টি ক্ষেপণাস্ত্রের মধ্যে ১২টি ও ১৩টি ড্রোনের সবগুলোই ভূপাতিত করেছে তাদের বিমান প্রতিরক্ষা ব্যবস্থা। উত্তর-পূর্ব ইউক্রেনের খারকিভের কর্মকর্তারা বলেছেন, ওই অঞ্চলে রাশিয়ান গাইডেড বোমার আঘাতে ৩ জন নিহত হয়েছে। শহরে কমপক্ষে চারটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। হামলায় কমপক্ষে ২৫ জন আহত হয়েছে।


এছাড়া জ্বালানি অবকাঠামোতে রাতভর হামলায় জাপোরিঝিয়া অঞ্চলে দুই জ্বালানি কর্মী আহত হয়েছে। পশ্চিমাঞ্চলীয় শহর লভিভের জ্বালানি অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে। ইভানো-ফ্রাঙ্কিভস্কের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে, বাড়িঘর ও একটি কিন্ডারগার্টেন স্কুলের ক্ষতির কথাও জানিয়েছে কর্তৃপক্ষ। জ্বালানি অবকাঠামোয় হামলার ফলে ইউক্রেনজুড়ে লোডশেডিং হচ্ছে। প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি সম্প্রতি বলেছেন, মার্চের শেষের দিকে তার দেশের বিদ্যুৎ-উৎপাদন ক্ষমতার অর্ধেক ধ্বংস করেছে রাশিয়া। যদিও ইউক্রেন ইউরোপীয় ইউনিয়ন থেকে জ্বালানি কিনছে, তবে ঘাটতি পূরণের জন্য তা যথেষ্ট নয়।আগামী দিনগুলোতে হাসপাতাল বা সামরিক ঘাঁটিগুলোর মতো গুরুত্বপূর্ণ স্থানগুলো রক্ষায় আমাদেরকে পরিকল্পনা করেই দেশজুড়ে লোডশেডিং চালাতে হবে। ইউক্রেনের বৃহত্তম বেসরকারি শক্তি সংস্থাগুলোর মধ্য অন্যতম ডিটিইকে। এর প্রধান নির্বাহী ম্যাক্সিম টিমচেনকো বলেছেন, আমাদের জরুরিভাবে আকাশ প্রতিরক্ষা বন্ধ করতে হবে। নইলে এই শীতে ইউক্রেন একটি গুরুতর সঙ্কটের মুখোমুখি হবে। এমন পরিস্থিতিতে ইউক্রেনের মিত্রদের আরও বিমান প্রতিরক্ষা ব্যবস্থা পাঠানোর আহ্বান জানিয়েছেন জেলেনস্কি।

# সব আসনে প্রার্থী দিতে পারেনি শাসকদল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা ভোট মিটেছে। এবার সমবায় নির্বাচন। আর সেখানে সব আসনে প্রার্থী দিতে পারেনি শাসকদল। বামেরা তিনটে আসনে প্রার্থী দিলেও বারোটি আসনে লড়াই করছে বিজেপি। নন্দীগ্রামের হরিপুরের প্রিয়ানগরী সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেডের ১২টি আসনে এই প্রথম পরিচালন সমিতির নির্বাচন হচ্ছে।তবে এই প্রিয়ানগরী সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেডের পরিচালন সমিতির নির্বাচন গত ২১শে জানুয়ারী করার কথা ছিল। কিন্তু প্রশাসনিক জটিলতায় তা হয়নি। পরবর্তী সময়ে হাইকোর্টের নির্দেশে ২৫ মে ভোট হওয়ার কথা থাকলেও পুলিশের পক্ষ থেকে পর্যাপ্ত ফোর্স দিতে না পারার জন্য পিছিয়ে তা আজ হচ্ছে। মোট ভোটারের সংখ্যা এখানে ৬৬০। আসন সংখ্যা ১২টি। বিজেপি ১২টি আসনেই প্রতিদ্বন্দ্বিতা করছে। অপরদিকে শাসকদল তৃণমূলের পক্ষ থেকে ১০ টি আসনে, এবং বামেদের পক্ষ থেকে ৩ টি আসনে মনোনয়ন জমা করা হয়েছে। আর এদিন ২৫ প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবে সমিতির আমানতকারীরা। ১৯৬৩ সালে স্থাপিত হলেও এতদিন পর্যন্ত 'সিলেকশনের' মাধ্যমে পরিচালন সমিতি গঠিত হত তিন বছরের জন্য। ২০১১ সালের পর থেকে সিলেকশন কমিটি ৫ বছরের মেয়াদে কাজ করে। তবে এই প্রথম নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে পরিচালন সমিতি গঠিত হতে চলেছে।

রবিবার সকাল থেকে গোটা এলাকায় একেবারে সাজো সাজো রব। তৃণমূলের ক্যাম্প নজর সেই ভাবে নজরে পড়েনি। তবে বিজেপি-সিপিএমের ক্যাম্প অফিসে সকাল থেকে কর্মীদের ভিড়। পাশাপাশি নির্বাচন ঘিরে পুলিশের তৎপরতাও রয়েছে বেশ। সমবায় নির্বাচনকে কেন্দ্র করে যাতে কোনও গণ্ডগোল না হয় সেজন্য প্রচুর পরিমাণে পুলিশ বাহিনী ও র‍্যাফ মোতায়েন করা হয়েছে।






# সমাজমাধ্যমে সুর চড়ালেন বিজেপি-র
## আইটি সেলের প্রধান অমিত মালব্য



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মাদ্রাসা শিক্ষায় প্রচুর টাকা বরাদ্দ করেছে পশ্চিমবঙ্গ সরকার । এবার এই নিয়েই সমাজমাধ্যমে সুর চড়ালেন বিজেপি-র আইটি সেলের প্রধান অমিত মালব্য । এই নিয়ে সম্প্রতি এক্স হ্যান্ডেলে একটি দীর্ঘ পোস্ট করেছেন তিনি। সেখানেই মমতা সরকারকে একহাত নিয়েছেন গেরুয়া শিবিরের এই নেতা। গেরুয়া শিবিরের নেতার দাবি, এখনও দিনমজুরিতে সবচেয়ে বেশি অংশ নেন পশ্চিমবঙ্গের মুসলিমরা। সংগঠিত ক্ষেত্রেও তাঁদের অংশগ্রহণ সবার কম। এমনকি পরিযায়ী শ্রমিক হিসেবেও এই রাজ্যের মুসলিমদের সংখ্যা গোটা দেশের মধ্যে সবচেয়ে বেশি।অমিতের অভিযোগ,

এরপর ৩ পাতায়

# পাচারের আগে গন্ডারের শিং সহ
## গ্রেফতার এক পাচারকারী



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** নেপালে পাচারের আগে গন্ডারের শিং সহ গ্রেফতার এক পাচারকারী! শিলিগুড়ি নকশালবাড়ির সাতভাইয়া টোলপ্লাজায় এক ব্যক্তিকে আটক করে উদ্ধার গন্ডারের শিং। এসএসবি ৪১ ব্যাটেলিয়ন ও টুকরিয়াঝাড় বনদফতরের যৌথ উদ্যোগে উদ্ধার ১.২৫ কেজি ওজনের গন্ডারের শিং। ধৃত অজিত কুমার সিং, মনিপুর বাসিন্দা। এসএসবির কাছে থেকে খবর পেয়ে যৌথভাবে অভিযান চালিয়ে এই সাফল্য অর্জন। পাশাপাশি জানা গিয়েছে যে উদ্ধার করা গন্ডারের শিং পরীক্ষার জন্য জুয়োলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়াতে পাঠানো হবে। এই ঘটনায় আরো বেশ কয়েকজনের নাম উঠে এসেছে। ধৃতকে রিমান্ডে এনে এই চক্রের খোঁজ শুরু করা হবে বলে সূত্রের খবর।

# ক্যাব চালকের গতির বলি সাংবাদিকতা রথ
## চুঁচুড়ার তরুনীর প্রান গেলো

**বেবি চক্রবর্ত্তী: হুগলি: নিউজ সারাদিন :** জোরে বাইক চালানোর জেরে আবার মৃত্যু হল শহরে। এবার ঘটনাস্থল নিউটাউন। নো পার্কিং-এ দাঁড়িয়ে থাকা ট্যাক্সিতে ধাক্কা মারল বাইক। ছিটকে পড়ে মৃত্যু হল এক সাংবাদিক রথ তরুণীর। বছর ২২-এর ত্রিয়াসী,সাংবাদিকতা করার পাশাপাশি সাংবাদিকতা নিয়ে পরা শোনা করছিলেন। তিনি হুগলি চুঁচুড়ার কোদালিয়ার বাসিন্দা বলে জানা গেছে।পুলিশ সূত্রে খবর,শনিবার সন্ধের কিছু পর ইকো পার্কের ১ নম্বর গেটের কাছে দুর্ঘটনাটি ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, বাইক এতটাই জোরে আসছিল যে ধাক্কা লাগার পর তরুণী ছিটকে ট্যাক্সির সামনে চলে আসেন। সঙ্গে সঙ্গে তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়ার হয়েছিল। কিন্তু বাঁচানো সম্ভব হয়নি। এদিকে ট্যাক্সিচালকের বিরুদ্ধে অভিযোগ, তিনি নো পার্কিং জোনে গাড়ি রেখেছিলেন। সেই প্রেক্ষিতে ট্যাক্সিচালককে আটক করা হয়েছে।বাইক যে চালাচ্ছিল সেই যুবক আপাতত হাসপাতালে চিকিৎসাধীন। তাঁর অবস্থা আশঙ্কাজনক বলে জানানো হয়েছে হাসপাতাল সূত্রে। নিউটাউনের নারকেল বাগানের দিক থেকে যাওয়ার সময় দুর্ঘটনাটি ঘটে। মৃতার নাম ত্রিয়াসী পাল।

# পরকীয়ার জেরে ডিএসপির পদ খুইয়ে
## কনস্টেবল পদে ফিরতে হল
## ডিএসপি কৃপা শঙ্কর কানৌজিয়াকে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফেসবুকে আলাপ এরপরে শুরু প্রেম। একাধিকবার মেলামেশা। স্মার্টফোনে একাধিক প্রমাণপত্র নিয়ে বিয়ের দাবিতে প্রেমিকের বাড়ির সামনে ধর্নায় যুবতী। ঘটনাটি ঘটেছে শুক্রবার দিনহাটা ২ নং ব্লকের বামনহাট ১ নং গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ লালচাপড়া গ্রামে। এই নিয়ে এদিন দক্ষিণ লাউচাপড়া গ্রামে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। সূত্রের খবর জানা যায় দক্ষিণ লাউচাপড়া গ্রামের ছেলে বাপি সেন এর সঙ্গে। সেনাবাহিনীতে কর্মরত বাপির সাথে দীর্ঘ সাত মাস আগে ফেসবুকের মাধ্যমে প্রেমের সম্পর্ক ওঠে গোবরা ছড়া গ্রাম পঞ্চায়েত এলাকার ওই যুবতীর। এতদিন ধরে একসাথে সময় কাটানো,পার্কে ঘুরতে যাওয়া,রেস্টুরেন্ট ও হোটেলে

একসঙ্গে খাওয়া দাওয়া, সিনেমা জগতের নায়ক নায়িকার মত হাতে হাত রেখে জীবন সঙ্গীনি করার আশা। এদিন সব ঠিক ঠাকই ছিল। কিন্তু ছেলের মনের কথা প্রেমিকা ঘুনাক্ষরেও বুঝতে পারেনি। ছেলে বিয়ে করব করব করে বিভিন্ন অজুহাতে দিন কাটিয়েছিলেন। এখন ছেলে সরাসরি বিয়ে করতে অস্বীকার করছে। তাই বিয়ের দাবিতে প্রেমিকের বাড়ির সামনে গতকাল রাত থেকে ধর্নায় বসে যুবতী।

# ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আত্মবলিদান দিবসে
## তাঁর স্মৃতির উদ্দেশে বিনম্র শ্রদ্ধাঞ্জলি প্রধানমন্ত্রীর

**নয়াদিল্লি, ২৩ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মৃত্যুবার্ষিকীতে তাঁর স্মৃতির উদ্দেশে গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। তিনি তাঁকে দেশের একজন শহীদ বলে বর্ণনা করেছেন। প্রধানমন্ত্রী তাঁর বার্তায় আরও বলেছেন যে ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের উজ্জ্বল ব্যক্তিত্ব ভবিষ্যৎ প্রজন্মগুলিকেও পথনির্দেশ করে যাবে।

সমাজমাধ্যমে তুলে ধরা ঐ বার্তায় শ্রী মোদী বলেছেন :

"দেশের মহান সুপুত্র তথা বিশিষ্ট বিচারক ও শিক্ষাবিদ ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির আত্মবলিদান দিবসে তাঁর উদ্দেশে জানাই বিনম্র প্রণাম। ভারতমাতার সেবায় তিনি তাঁর জীবন উৎসর্গ করে গেছেন। তাঁর তেজস্বী ব্যক্তিত্ব দেশের প্রতিটি প্রজন্মকে পথনির্দেশ করে যাবে।"

### উচ্চ শিক্ষায় অনিয়মের অভিযোগে
# এনটিএর প্রধানকে বরখাস্ত

**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** একদিকে রাজ্য আবার ভোট। উপনির্বাচন ১০ জুলাই আর অন্য দিকে শিক্ষাক্ষেত্রে ক্রমশ অন্ধকার। ছাত্র - ছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যৎ যেন প্রশ্নের মুখে পড়েছে! উচ্চ শিক্ষার জন্য ভর্তি পরীক্ষায় সম্প্রতি ব্যাপক অনিয়মের অভিযোগে ভারতের ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ) প্রধানকে বরখাস্ত করা হয়েছে। এতদিন এনটিএ ডিরেক্টর জেনারেল ছিলেন সুবোধ কুমার সিং। শনিবার (২২ জুন) তাকে বরখাস্ত করেছে কেন্দ্রীয় সরকার। রবিবারের মেডিসিনে স্নাতকোত্তর ডিগ্রির প্রবেশিকা পরীক্ষা স্থগিত করা হয়েছে। বাতিল করা হয়েছে পিএইচডি ফেলোশিপের যোগ্যতা নির্ধারণ পরীক্ষাও। সংবাদমাধ্যম বিবিসি এ খবর জানিয়েছে।শনিবারই তার জায়গায় নিয়োগ দেওয়া হয়েছে অবসরপ্রাপ্ত আইএএস অফিসার প্রদীপ সিং খারোলাকে। এছাড়া দেশের সব বড় মাপের পরীক্ষায় স্বচ্ছতা বজায় রাখতে উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে কেন্দ্রীয় সরকার। যে কমিটি গঠন করা হয়েছে সেটি নিট, নেট-সহ যাবতীয় গুরুত্বপূর্ণ পরীক্ষায় স্বচ্ছতা আনতে প্রয়োজনীয় পরামর্শ দেবে। একই সঙ্গে, এনটিএ'র যাবতীয় কার্যক্রম ও কাজের পদ্ধতি খতিয়ে দেখার দায়িত্বও রয়েছে তাদের ওপর। আগামী ২ মাসের মধ্যে বিশেষ রিপোর্ট কেন্দ্রে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে কমিটিকে। নিটের প্রশ্নফাঁস ও অনিয়মের অভিযোগে ইউজিসি নেট পরীক্ষা বাতিলকে কেন্দ্র করে ভারতজুড়ে তোলপাড় চলছে। সেই সঙ্গে নতুন মোদি সরকারের ওপর বিরোধীদের চাপ বাড়ছে। বিতর্ক এমন পরিস্থিতিতে একাধিক পরীক্ষা বাতিলসহ এনটিএ প্রধানকে বরখাস্তের সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। তারপরও দেশজুড়ে শিক্ষার্থীদের বিক্ষোভ বাড়ছে।ভারতে মেডিক্যাল ভর্তি পরীক্ষাকে ন্যাশনাল এলিজিবিলিটি কাম এন্ট্রান্স টেস্ট (এনইইটি) বা নিট বলা হয়। এই পরীক্ষার আয়োজন করে এনটিএ। আর নেট হলো গবেষণা ও কলেজ -বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রবেশিকা পরীক্ষা। বর্তমানে সংবাদ শিরোনামে এই নিট সমস্যা কতটা সমাধান হয় সেদিকে তাকিয়ে রাজনৈতিক মহলের একাংশ।

## খোঁজ নেই বিহারের বিজেপি নেতা রাকেশ সিংয়ের পুত্রের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** 'মা বাঁচাও, এরা মেরে ফেলবে'। মাত্র কয়েক সেকেন্ডের একটি মাত্র ফোনকল। তার পর থেকে আর কোনও খোঁজ নেই বিহারের বিজেপি নেতা রাকেশ সিংয়ের পুত্রের। এই ঘটনাকে কেন্দ্র করে রীতিমতো শোরগোল শুরু হয়েছে। ছেলেকে অপহরণ করা হয়েছে, এমনই অভিযোগ তুলে তাঁর খোঁজ পেতে পুলিশের দ্বারস্ত হয়েছেন বিজেপি নেতা রাকেশ সিং।পুলিশের তরফে জানানো হয়েছে, 'শুক্রবার পরীক্ষা দেওয়ার উদ্দেশে বাড়ি থেকে বিহারের সাইওয়ানের উদ্দেশে বেরিয়েছিল ওই পড়ুয়া। তার পর থেকে আর বাড়ি ফেরেনি। এর পর বাড়িতে তাঁর ফোন আসায় প্রাথমিকভাবে তাঁকে অপহরণ করা হয়েছে বলে অনুমান করছি আমরা। ওই পরীক্ষা কেন্দ্রের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখার পাশাপাশি ফোন কলের সূত্র ধরে তল্লাশি অভিযান শুরু হয়েছে। শীঘ্রই তাঁকে উদ্ধার করা সম্ভব হবে বলে আশা করছি।' নিখোঁজ পড়ুয়ার খোঁজ পেতে কোমর বেঁধে মাঠে নেমেছে বিহার পুলিশ।

পরিবার সূত্রে জানা গিয়েছে, গত ২১ জুন শুক্রবার সকাল ১০টা নাগাদ ফার্মার পরীক্ষা দিতে বাড়ি থেকে বের হন পাটনার দানাপুরের বাসিন্দা বিজেপি নেতা রাজেশ সিংয়ের পুত্র অংশু সিং। তার পর থেকে আর কোনও খোঁজ পাওয়া যায়নি তাঁর। এই পরিস্থিতিতে শনিবার রাত ৮ টা নাগাদ মায়ের ফোনে ফোন করেন ওই নিখোঁজ পড়ুয়া। আর্তি জানান, 'মা আমাকে বাঁচাও, এরা মেরে আমায় ফেলবে। দু'দিন ধরে আমায় শৌচাগারে বন্দী করে রেখেছে। কোনওভাবে ফোন জোগাড় করে ফোন করছি।' মাকে সে আরও জানায়, কোনও অ্যাপার্টমেন্টে বন্দী করা হয়েছে তাঁকে। তাঁর সঙ্গে শুভম নামে তাঁর আরও এক বন্ধুকে ধরে আনা হয়েছে বলে জানায় অংশু।ছেলের এমন ফোন পাওয়ার পর উদ্বিগ্ন পরিবার পুলিশের দ্বারস্থ হয়েছেন। ওই ফোনকলের সূত্র ধরে অংশুর খোঁজ শুরু করেছে পুলিশ। যদিও এখনও পর্যন্ত তাঁর কোনও হদিশ পাওয়া যায়নি। এদিকে নেতার পুত্রের নিখোঁজ হওয়ার ঘটনায় এলাকায় শোরগোল শুরু হয়েছে। রাকেশ সিংয়ের অনুগামীরা বিবিগঞ্জের ব্যস্ত অবরোধ করে। যতক্ষন না অংশুর খোঁজ মিলছে ততক্ষণ রাস্তা অবরোধের হুমকি দেওয়া হয়। যদিও আন্দোলনকারীদের বুঝিয়ে তাঁদের তুলে দেয় পুলিশ। অংশুকে দ্রুত উদ্ধারের দাবি সরব হয়েছেন এলাকার বিজেপি বিধায়ক আশা সিনহাও। থানার সামনে পোস্টার হাতে বিক্ষোভ দেখান বিজেপির কর্মী সমর্থকরা।

১-ম পাতার পর

## ভোট মিটতেই কোমর বেঁধে প্রশাসনিক কাজে নেমে পড়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

কোনও কাজ আটকে থাকলে কেন সেটা আটকে রয়েছে, এই কাজের ক্ষেত্রে আর কী দরকার সবকিছু তিনি জানতে চাইছেন। শুধু তাই নয়, এমন বহু প্রকল্প সম্বন্ধে তিনি জানতে চাইছেন যা হয়তো সেই প্রশাসনিক কর্তার নজরে নেই। শুধুমাত্র পূর্ত অথবা বিদ্যুৎ দফতর নয়, রাজ্যের একাধিক প্রকল্প সম্বন্ধে প্রশাসনিক কর্তাদের থেকে জানতে চাইছেন তিনি। সেই জন্য মুখ্যমন্ত্রীর সকল প্রশ্নের উত্তর যাতে তৈরি থাকে তাই এবার 'রেডি' হচ্ছেন প্রশাসনিক কর্তারা। জানা যাচ্ছে, সকল ক্ষেত্রে ফাইলগুলি আপ টু ডেট করার চেষ্টা করা হচ্ছে। তবে তা সত্ত্বেও চিন্তা যাচ্ছে না। শেষ অবধি মুখ্যমন্ত্রী ঠিক কী ধরণের প্রশ্ন করতে পারেন তা ভেবে চিন্তিত হয়ে পড়ছেন অনেকে।

১-ম পাতার পর

## বাংলায় গণতন্ত্র মানুষের জন্য নয়, দলের জন্য:শুভেন্দু

কোনও রাজনীতির যোগ নেই। বিরোধীরা মিথ্যা প্রচার চালাচ্ছে।''কেন এই দুটি এলাকার নির্দিষ্ট মানুষকে বঞ্চিত করা হল? এই প্রশ্নও তুলেছেন শুভেন্দু অধিকারী। নবান্নে আগামিকাল, সোমবার একটি বৈঠক সম্পর্কিত চলতি মাসের কুড়ি তারিখের একটি সরকারি চিঠি তুলে ধরে সরব শুভেন্দু অধিকারী। এর আগেও রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করে বারবারই বলে থাকেন যে, রাজ্যের কোনও প্রশাসনিক বৈঠকেই বিরোধী সাংসদ এবং বিধায়কদের ডাকা হয় না। এবার আরও একবার শাসককে নিশানা করলেন বিরোধী দলনেতা।বলা বাহুল্য, ঝালদা এবং তাহেরপুর বাদ দিয়ে আগামী সোমবার রাজ্যের সমস্ত পুরসভার মেয়র এবং চেয়ারপার্সনদের নবান্ন সভাঘরের বৈঠকে হাজির থাকতে হবে বলে একটি সরকারি নথি সোশ্যাল মিডিয়ায় তুলে ধরে শুভেন্দুর প্রশ্ন,' পুর উন্নয়নের সঙ্গে যুক্ত সমস্ত আধিকারিকদেরও পুর পরিষেবা কোথায় খামটি রয়েছে সে ব্যাপারে আলোচনা করতে এই বৈঠক ডাকা হলেও কেন তাহেরপুর এবং ঝালদা বাদ? মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে আগামী সোমবার রাজ্যের সমস্ত পুরসভা, পুরনিগম এবং বিভিন্ন উন্নয়ন পর্ষদ কর্তৃপক্ষকে বৈঠকে ডাকা হলেও তাহেরপুর এবং ঝালদাকে বাদ রাখা একপ্রকার অগণতান্ত্রিক বলেও তোপ দাগেন শুভেন্দু।

১-ম পাতার পর

## সাইবার জালিয়াতি রুখতে তৎপর পুলিশ

জমা করেছে বিভিন্ন অ্যাকাউন্টে। এরপরই পুলিশ মামলা নথিভুক্ত করে তদন্ত শুরু করে। সেখান থেকেই বেরিয়ে আসে চাঞ্চল্যকর তথ্য।ধৃতদের বিরুদ্ধে ৮৭ লাখ ৩ হাজার টাকা প্রতারণার অভিযোগ রয়েছে।

এই ঘটনায় এখনও পর্যন্ত দেড়শোর বেশি ব্যাঙ্ক অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করেছে নাগৌর পুলিশ। তদন্তে জানা গিয়েছে, অভিযুক্তদের সঙ্গে আন্তঃরাজ্য সাইবার প্রতারণা চক্রের যোগাযোগ ছিল। অভিযুক্ত সুফিয়ান বিভিন্ন রাজ্যে মোট ৭২টি সাইবার জালিয়াতির ঘটনার সঙ্গে যুক্ত। সবচেয়ে আশ্চর্যের বিষয় হল, এক মাসে ৪ কোটি ৪৫ লাখ টাকার প্রতারণা করেছে সুফিয়ান। পুরো টাকা অন্য অ্যাকাউন্টে ট্রান্সফার করা হয়েছে। জানা গিয়েছে, সাইবার জালিয়াতির জন্য কারেন্ট অ্যাকাউন্ট খুলেছিল অভিযুক্তরা। শুধু তাই নয়, সাইবার অপরাধীদের কাছে এই সব অ্যাকাউন্ট ভাড়ায় খাটাত তারা।

এরপরই উঠে-পড়ে লাগে পুলিশ। সাইবার জালিয়াতদের ধরতে একটি টিম তৈরি করে দেন নাগৌরের এএসপি সুমিত কুমার। কোতোয়ালি থানার অফিসার মণীশ দেবের নেতৃত্বে সেই টিম মুম্বই পাড়ি দেয়। সেখান থেকেই অভিযুক্ত সুফিয়ান ইসমাইল শেখকে গ্রেফতার করে পুলিশ। হেড কনস্টেবল প্রেমরাম, প্রেমরাজ, পারস এবং রাকেশ সাংওয়াও এই দলে ছিলেন। ৮৭ লাখ টাকার সাইবার জালিয়াতির ঘটনায় এই টিমই পুরো তদন্ত চালায়। তারপর যোগসূত্র ধরে ধরে মুম্বই পৌঁছয়।

## হুগলির শ্রীরামপুরের মাহেশের ইতিহাস



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন :** সুপরিচিত মাহেশের রথ। এটি হুগলি জেলার অন্তর্গত শ্রীরামপুর এলাকার একটি অংশ শ্রীরামপুর রেলস্টেশন থেকে অটো বা টোটোয় মাত্র ২.৫ কিলোমিটার দূরে পৌঁছে যেতে হবে মাহেশের ঐতিহ্য শালী জগন্নাথ মন্দির। এখানে চিত্তাকর্ষক ও প্রাচীন জগন্নাথ, বলরাম এবং সুভদ্রা মহারানী দেবতা কে ধ্রুবানন্দ ও কমলাকার পিপ্পালার দ্বারা পূজা করা হয়েছিল। এখানে কমলাকরের সমাধি রয়েছে। এই বছর অর্থাৎ ২০২৪ সালে ৬২৮ তম বর্ষে পদার্পণ করল শ্রীরামপুরের মাহেশ রথযাত্রা। ১৭৯৭ সালে শ্রীরামকৃষ্ণের বিখ্যাত শিষ্য বলরাম বসুর দাদা কৃষ্ণ রাম বসু আরেকটি রথ দান করেন। সেই রথটি নষ্ট হয়ে যাওয়ার পর,, তার পুত্র গুরুপ্রসাদ বসু ১৮৩৫ সালে রথের নবায়ন করেন। তারপর ১৮৫২ সালে আরেকটি রথ তৈরি করেন কিন্তু একদিন রথের ভিতর একজন ব্যক্তি আত্মহত্যা করেন এটিকে অশুভ বলে ঘোষণা করার পর, ১৮৫৭ সালে বিপ্লবি বিশ্বম্ভর বসু একটি ভিন্ন রথ তৈরি করেন কিন্তু তাও পুড়ে যায়। তারপর দেওয়ান কৃষ্ণচন্দ্র বসু মার্টিন থেকে একটি লৌহরথের আদেশ দিয়েছেন এবং সেই রথ এখনো বিদ্যমান। এই লোহার তৈরি রথটি ১২ চাকা বিশিষ্ট, ৫০ ফুট উচ্চতা এবং ১২৫ টনের ওজনের রথ বর্তমান। রথযাত্রা উপলক্ষে সাজ সাজ রব। শ্রীরামপুর জুড়ে স্নান যাত্রা থেকে জগন্নাথ দেবের রথযাত্রার শুভ সূচনা হয় এক মাস ধরে চলে এইখানকার মেলা। শ্রীরামপুরের মহেশ ১৩৯৬ সালে এই মন্দির প্রতিষ্ঠা হয়। ভারতের প্রাচীনতম রথযাত্রা উৎসব প্রথম পুরী এবং দ্বিতীয় হল শ্রীরামপুরের মাহেশ জগন্নাথ দেবের এই মন্দির তৈরিতে জমি দান করেন শেওড়াফুলির রাজের রাজ মনোহর রায়। এই রথযাত্রা উপলক্ষে বিশাল মেলা বসে। একজন মহান বাঙালি ঋষি ধ্রুবানন্দ ব্রহ্মচারী চতুর্দশ শতাব্দীতে ভগবান জগন্নাথ কে পুরীতে ভোগ নিবেদনের ইচ্ছা প্রকাশ করলে সেখানকার পুরোহিতরা তাতে বাধা দেয়। এরপর স্বপ্নে ভগবান জগন্নাথ দেবের কণ্ঠ শুনতে পান ধ্রুবানন্দ জগন্নাথ দেব বলেন আপনার হাতে ভোগ পেতে আগ্রহী।তাই বাংলার শ্রীরামপুরে ফিরে যান এবং মহেশ বলে একটি জায়গা আছে সেখানে নদীর ধারে নিমের কান্ড পাঠাবো তা দিয়ে আমার বলরাম এবং সুভদ্রার মূর্তি তৈরি করে পুজো কর। এরপর বর্ষার রাতে আবির্ভূত হয়ে সেই নিম কাঠ। জলে ঝাঁপ দিয়ে সেই কাঠ উদ্ধার করে তিনটি মূর্তি ও মন্দির প্রতিষ্ঠা করেন। স্যন্যাস গ্রহণের পর শ্রীচৈতন্য পুরি যাওয়ার পথে ধ্রুবানন্দের তৈরি এই মন্দির শ্রীরামপুরের মাহেশে পৌঁছে একটু বিশ্রাম নেন। এরপর চৈতন্য মাহেশ কে নবনিলাচল অর্থাৎ নতুনপুরি বলে ঘোষণা করেন। শ্রীচৈতন্যের বারটি গোপালের মধ্যে পঞ্চম তিনি ছিলেন। সুন্দরবনের কলিজুলির জমিদার ছেলে তিনি লজিক করার জন্য নবদ্বীপে আসেন এবং মহাপ্রভুর প্রিয় হয়ে ওঠেন। শ্রীরামপুরের মাহেশে এই বিখ্যাত জগন্নাথের রথযাত্রা এবং মেলা দেখতে একটা সময় উপস্থিত হয়েছিলেন ভগবান শ্রী রামকৃষ্ণ পরমহংসদেব,তার স্ত্রী সারদা দেবী, শিষ্য স্বামী বিবেকানন্দ, কলকাতার বিখ্যাত নাট্যকার গিরিশচন্দ্র ঘোষ, মহাপ্রভু শ্রীচৈতন্যদেব এবং আরো বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। সেই থেকে রথযাত্রার একদিন আগে জগন্নাথ রাজা হিসেবে শপথ নেন এবং রথযাত্রার দিন সর্বোচ্চ স্থাপন করেন জগন্নাথ দেব এবং তারপর বলরাম এবং সুভদ্রার মূর্তি স্থাপন করা হয় একটি নীলকণ্ঠ পাখি এনে রথের শীর্ষস্থানে বসায় ও পাখি টি উড়লেই শুরু হয় মিছিল। এক মাস ব্যাপী এখানে মেলা অনুষ্ঠিত হয় এবং তা দেখতে উপস্থিত হন কয়েক লক্ষ মানুষ।

১-ম পাতার পর

## হজ করতে গিয়ে তীব্র গরমের জেরে এখনও পর্যন্ত হাজারের বেশি তীর্থযাত্রীর মৃত্যু

হেঁটে মিশর থেকে মক্কায় হজ করতে এসেছিলেন। অনুনোমদিত হজ যাত্রীরা কোনও হোটেলে না থাকায় গরম থেকে বাঁচার কোনও পথ পাননি।

রবিবার সৌদি প্রশাসনের তরফে প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ১৬টি ট্রাভেল এজেন্সি হজযাত্রীদের প্রয়োজনীয় পরিষেবা দিতে ব্যর্থ হয়েছে। ওই সংস্থাগুলি মক্কা যাওয়ার অনুমতি না থাকলেও সৌদি আরবে ভিসা নিয়ে আসা পর্যটকদের অবৈধভাবে সেখানে হজ করতে নিয়ে গেছিল। তাদের বিরুদ্ধ তদন্ত শুরু হয়েছে। এদিকে মৃতের সংখ্যা নিয়ে টানাপোড়েন শুরু হয়েছে মিশর ও সৌদি আরব সরকারের। হজ করতে এসে যত মিশরীয়র মৃত্যু হয়েছে সৌদি সরকারিভাবে সেই সংখ্যা কম দেখাচ্ছে বলে অভিযোগ উঠেছে। ইতিমধ্যেই মিশর সরকারের তরফে হজ যাত্রায় গিয়ে তাদের ৩১ জন নথিভুক্ত যাত্রীর পুরনো রোগের কারণে মৃত্যু হয়েছে বলে জানানো হয়েছে। কিন্তু, সৌদি আরবে যাওয়া অন্য হজ যাত্রীদের মৃত্যু নিয়ে সরকারিভাবে কিছু জানানো হয়নি।

সরকারিভাবে জানাতে অসমর্থ মিশর সরকারের এক মন্ত্রী সংবাদসংস্থা এপি-কে জানিয়েছেন, হজে গিয়ে এখনও পর্যন্ত তাঁদের দেশের কমপক্ষে ৬৩০ জন তীর্থ যাত্রীর মৃত্যু হয়েছে। যার বেশিরভাগের কথা মক্কার এমার্জেন্সি কমপ্লেক্সে নথিভুক্তও করা হয়েছে। মৃতের সংখ্যার কথা স্বীকার করে মিশরের একজন কূটনৈতিক জানান মৃতদের বেশিরভাগকে সৌদি আরবে কবর দেওয়া হয়েছে।

২ পাতার পর

## সমাজমাধ্যমে সুর চড়ালেন বিজেপি-র আইটি সেলের প্রধান অমিত মালব্য

মাদ্রাসা শিক্ষায় বরাদ্দের নাম করে মমতা বন্দ্যোপাধ্যায় আসলে মুসলিম ভোট কিনছেন। তবে এতে কিন্তু রাজ্যের মুসলিমদের কোনও উত্থান ঘটছে না। বিজেপি নেতা লিখেছেন, 'মুসলিম ভোট কেনার জন্য মাদ্রাসা শিক্ষায় ৫৫৩০ কোটির বিশাল বাজেট বরাদ্দের সিদ্ধান্ত নিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। এই টাকা শেখ শাহজাহান, জাহাঙ্গির খান, শওকত মোল্লার মতো দুষ্কৃতীদের দ্বারা সন্দেহভোজন মওলানাদের হাতে যাবে। এই টাকা দিয়ে তাঁরা মুসলিম ভোট যাতে তৃণমূল কংগ্রেসের ঝুলিতে যায় সেটা সুনিশ্চিত করবে' ।অমিতের দাবি, মমতা বন্দ্যোপাধ্যায় তোষণের রাজনীতি করলেও বাংলার মুসলিমরা সম্পূর্ণ দেশের মুসলিমদের থেকে সবচেয়ে পিছিয়ে রয়েছে। আর্থিক দিক থেকেও তাঁদের অবস্থা ভালো নয়। ইঔচ নেতা লেখেন, 'পশ্চিমবঙ্গে যদিও কংগ্রেস এবং বামেদের পর তৃণমূল ক্ষমতায় আছে। ইঔচ এখানে কখনও ক্ষমতায় আসেনি। স্কুলছুট শিশুকন্যা এবং বাল্যবিবাহে এখনও দেশের সবচেয়ে ওপরে রয়েছে পশ্চিমবঙ্গ'।

মমতা বন্দ্যোপাধ্যায়কে নিশানা করে অমিত লিখেছেন, 'মমতা বন্দ্যোপাধ্যায়ের আমলে অনুপ্রবেশের কারণে ভারতীয় মুসলিমদের অধিকার এবং জমিতে ভাগ বসেছে। মুসলিম মহিলাদের একটি বিরাট অংশ রাজ্য থেকে নারীপাচারের শিকার হন। ক্ষমতায় আসার পর থেকে মমতা বন্দ্যোপাধ্যায় বারংবার দাবি করেছেন তিনি মুসলিমদের কল্যাণে কাজ করেছেন। তবে আসলে উনি মুসলিম সম্প্রদায়ের দুষ্কৃতীদের হাতে টাকা তুলে দিয়ে নিজের ক্ষমতা সুনিশ্চিত করতে চাইছেন। আর কিছুই নয়'।

## ছত্তিশগড়ে মাওবাদী হামলায় নিহত দুই সিআরপিএফ জাওয়ান



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন :** মাওবাদী হামলায় শিরোনাম ছত্তিশগড়। সেই ছত্তিশগড়ে সুকমায় মাওবাদী হামলায় নিহত দুই সিআরপিএফ জাওয়ান আর আহত হন বেশ কয়েকজন।রবিবার বিস্ফোরণের সময় একটি ট্রাকে করে যান সিআরপিএফের জওয়ানরা। দুপুর ৩ টে নাগাদ জগর গুণ্ডা থানা এলাকার সিলবের এবং টেকুলগুডেমের মধ্য দিয়ে যাওয়ার সময় আইইডি বিস্ফোরণ ঘটে। ঘটনাস্থলেই মৃত্যু হয় কোবরা ২০১ ব্যাটেলিয়নের দুই জওয়ানের। মৃতদের মধ্যে রয়েছেন কেরালার বিষ্ণু আর এবং উত্তরপ্রদেশের শৈলেন্দ্র সূত্রের খবর।

## ইউক্রেনের জ্বালানি খাতে বড় হামলা রাশিয়ার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শনিবার ২২ জুন ইউক্রেনের জ্বালানি মন্ত্রণালয় জানিয়েছেন, গত তিন মাসে এ নিয়ে অষ্টমবারের মতো জ্বালানি অবকাঠামোতে হামলা চালালো রাশিয়া। এদিকে, উত্তর-পূর্ব ইউক্রেনের খারকিভেও রুশ হামলায় অন্তত ২ জন নিহত ও ২৫ জন আহত হয়েছে। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি এ খবর জানিয়েছে। ইউক্রেনের বিমান বাহিনী জানিয়েছে, বিভিন্ন অঞ্চলে রাতভর রাশিয়ার ছুড়ে মারা ১৬টি ক্ষেপণাস্ত্রের মধ্যে ১২টি ও ১৩টি ড্রোনের সবগুলোই ভূপাতিত করেছে তাদের বিমান প্রতিরক্ষা ব্যবস্থা। উত্তর-পূর্ব ইউক্রেনের খারকিভের কর্মকর্তারা বলেছেন, ওই অঞ্চলে রাশিয়ান গাইডেড বোমার আঘাতে ৩ জন নিহত হয়েছে। শহরে কমপক্ষে চারটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। হামলায় কমপক্ষে ২৫ জন আহত হয়েছে।

এছাড়া জ্বালানি অবকাঠামোতে রাতভর হামলায় জাপোরিঝিয়া অঞ্চলে দুই জ্বালানি কর্মী আহত হয়েছে। পশ্চিমাঞ্চলীয় শহর লভিভের জ্বালানি অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে। ইভানো-ফ্রাঙ্কিভস্কের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে, বাড়িঘর ও একটি কিন্ডারগার্টেন স্কুলের ক্ষতির কথাও জানিয়েছে কর্তৃপক্ষ। জ্বালানি অবকাঠামোয় হামলার ফলে ইউক্রেনজুড়ে লোডশেডিং হচ্ছে। প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি সম্প্রতি বলেছেন, মার্চের শেষের দিকে তার দেশের বিদ্যুৎ-উৎপাদন ক্ষমতার অর্ধেক ধ্বংস করেছে রাশিয়া। যদিও ইউক্রেন ইউরোপীয় ইউনিয়ন থেকে জ্বালানি কিনছে, তবে ঘাটতি পূরণের জন্য তা যথেষ্ট নয়।আগামী দিনগুলোতে হাসপাতাল বা সামরিক ঘাঁটিগুলোর মতো গুরুত্বপূর্ণ স্থানগুলো রক্ষায় আমাদেরকে পরিকল্পনা করেই দেশজুড়ে লোডশেডিং চালাতে হবে। ইউক্রেনের বৃহত্তম বেসরকারি শক্তি সংস্থাগুলোর মধ্য অন্যতম ডিটিইকে। এর প্রধান নির্বাহী ম্যাক্সিম টিমচেনকো বলেছেন, আমাদের জরুরিভাবে আকাশ প্রতিরক্ষা বন্ধ করতে হবে। নইলে এই শীতে ইউক্রেন একটি গুরুতর সঙ্কটের মুখোমুখি হবে। এমন পরিস্থিতিতে ইউক্রেনের মিত্রদের আরও বিমান প্রতিরক্ষা ব্যবস্থা পাঠানোর আহ্বান জানিয়েছেন জেলেনস্কি।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ১৭১ সংখ্যা ২৪ জুন, ২০২৪ সোমবার ০৯ আষাঢ়, ১৪৩১

## এনটিএ পরিচালিত শিক্ষা ব্যবস্থাকে স্বচ্ছ ও অবাধ করে তুলতে ৭ সদস্যের এক বিশেষজ্ঞ কমিটি গঠন করল কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ) পরিচালিত পরীক্ষাগুলিকে স্বচ্ছ ও অবাধ করে তুলতে ৭ সদস্যের এক উচ্চ পর্যায়ের কমিটি গঠন করল কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক। বিশেষজ্ঞদের নিয়ে গঠিত এই কমিটির কাজ হবে পরীক্ষা পরিচালন ও প্রক্রিয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় সংস্কার, ডেটা সংরক্ষণের ক্ষেত্রে নিরাপত্তা ব্যবস্থাকে আরও জোরদার করে তোলা এবং ন্যাশনাল টেস্টিং এজেন্সির কাঠামো ও কাজকর্মকে আরও সুনিয়ন্ত্রিত করে তোলার জন্য মন্ত্রকের কাছে সুপারিশ পেশ করা। বিশেষজ্ঞ কমিটির নেতৃত্বে রয়েছেন ইসরোর প্রাক্তন চেয়ারম্যান তথা আইআইটি কানপুরের চেয়ারম্যান (বিওজি) ডঃ কে রাধাকৃষ্ণাণ। কমিটির অন্যান্য সদস্যরা হলেন আইআইটি মাদ্রাজের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসার এমিরিটাস শ্রী কে রামমূর্তি, এইমস দিল্লির ভূতপূর্ব ডিরেক্টর ডঃ রণদীপ গুলেরিয়া, হায়দরাবাদ কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক বি জে রাও, 'কর্মযোগী ভারত'-এর বোর্ড মেম্বার শ্রী পঙ্কজ বনসল, আইআইটি দিল্লির ছাত্র-ছাত্রীদের ডীন অধ্যাপক আদিত্য মিত্তল এবং কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের যুগ্ম সচিব শ্রী গোবিন্দ জয়সোয়াল। তিনি বিশেষজ্ঞ কমিটির সদস্য সচিবের দায়িত্বও পালন করবেন। আগামী ২ মাসের মধ্যে কমিটির রিপোর্ট পেশ করতে হবে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের কাছে।

## সম্পাদকীয়

### ভারতের রাষ্ট্রপতির সঙ্গে আলোচনা ও মতবিনিময় বাংলাদেশের প্রধানমন্ত্রীর

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্রপতি ভবনে সাক্ষাৎ করেন ভারতের রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর সঙ্গে।

শেখ হাসিনাকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বলেন যে ভারতের নতুন সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানের পরে আরও একবার বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকারের সুযোগ পাওয়ায় তিনি বিশেষভাবে আনন্দিত। শ্রীমতী মুর্মু আরও বলেন, এই ধরনের নিয়মিত সাক্ষাৎকার ও মতবিনিময়ের মাধ্যমে এটাই প্রমাণিত হয় যে ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তি সংগ্রামের সময় থেকে শুরু করে দু'দেশের মৈত্রী ও সহযোগিতার সম্পর্ক আজও অটুট রয়েছে। রাষ্ট্রপতি আশা প্রকাশ করে বলেন যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ অর্থনৈতিক দিক দিয়ে অনেকটাই এগিয়ে গেছে। পারস্পরিক সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রে ভারত ও বাংলাদেশ যে সহযোগিতার ক্ষেত্র প্রসারে আগ্রহী, একথারও উল্লেখ করেন রাষ্ট্রপতি। তিনি বলেন, নতুন নতুন ক্ষেত্রগুলিতেও দ্বিপাক্ষিক সম্পর্ক ক্রমপ্রসারিত হচ্ছে। এর মধ্য দিয়ে ভারত-বাংলাদেশ ভবিষ্যৎ সম্পর্কের গতিপথ নিশ্চিতভাবেই নির্ধারিত হবে বলে দৃঢ় আশা ব্যক্ত করেন রাষ্ট্রপতি।

এক আন্তরিক ও সৌহার্দ্য পরিবেশে ভারতের রাষ্ট্রপতি এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী আলাপচারিতায় মিলিত হন। অর্থনৈতিক সম্পর্ক, প্রতিরক্ষা ও উন্নয়নের ক্ষেত্রে সহযোগিতা, জ্বালানি নিরাপত্তা এবং সংযোগ ও যোগাযোগের প্রসারে দু'দেশের সম্পর্ক উত্তরোত্তর বৃদ্ধি পাবে, এই মর্মেও তাঁরা তাঁদের আশার কথা ব্যক্ত করেন।

প্রসঙ্গত উল্লেখ্য, এ বছর ৯ জুন কেন্দ্রে বর্তমান সরকার ক্ষমতাসীন হওয়ার পর থেকে এটাই বাংলাদেশের প্রধানমন্ত্রীর প্রথম রাষ্ট্রীয় ভারত সফর।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

দুধ বিক্রি করে দিন চালাতেন। লোকমুখে বাবা লোকনাথের প্রশংসা শুনে; এক বাটি দুধ নিয়ে বাবাকে দেখার জন্য চলে আসেন। বাবা লোকনাথ তাঁকে মা বলে ডাকে কাছে টেনে নেন। লোকনাথ বাবা তাঁকে "মা" ডাকতেন বলে; পরবর্তীতে তিনি 'গোয়ালিনী মা' নামে পরিচিতি লাভ করেন। শেষ জীবন পর্যন্ত তিনি লোকনাথ বাবার আশ্রমেই কাটান। ব্রহ্মানন্দ ভারতী ঢাকার বিক্রমপুরের পশ্চিমপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। পারিবারিক নাম - তারাকান্ত গাঙ্গুলী। আইন পেশায় ও শিক্ষকতায় জড়িত ছিলেন। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ন্যায় কর্মফল দাতা শনি দেব



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)



শ্রী শনিশ্চর কোইল ,দেওনার-এর শনি দেবালয়ম, মহারাষ্ট্রের শনি-সিঙ্গাপুর মন্দির, তিতওয়ালার শনি মন্দির, মাদুরাই এর নিকটে কুচানুর-এর শনি মন্দির। শনিদেব সম্পর্কে সাধারণ মানুষের ধারণা যতই ভয়ভীতিমিশ্রিত হোক না কেন, মৎস্য পুরাণ কিন্তু শনিদেবকে লোকহিতকর গ্রহের তালিকাতেই ফেলেছে। প্রতি শনিবার সন্ধ্যায় শনিদেবের পূজার্চনা করার বিধান আছে। সাধারনত শনিদেবের মন্দিরে অথবা গৃহের বাইরে খোলা জায়গায় শনিদেবের পূজা হয়। নীল বা কৃষ্ণগ বর্ণের ঘট, পুষ্প, বস্ত্র, লৌহ, মাষ কলাই , কালো তিল, দুগ্ধ, গঙ্গাজল, সরষের তেল প্রভৃতি বস্তু শনিদেবের ব্রতের জন্য আবশ্যিক। নির্জলা উপবাস বা একাহারে থেকে এই ব্রত পালন করতে হয়।ভগবান শনিদেবের নাম দশটি্ শনি, ছায়ানন্দন, পিঙ্গল, বভ্রু, রৌদ্র, সৌরী, মন্দ, কৃষ্ণা (কৃষ্ণবর্ণের কারণে হয়তো) দুঃখভঞ্জন, কৌনস্থ্য। শনিদেবের গুরু কৈলাসপতি শিবশঙ্কর আর বৃন্দাবনবিহারী ভগবান শ্রীকৃষ্ণ। শনিদেবের একমাত্র আরাধ্য দেব মহাযোগী হনুমানজি। অন্যদিকে ব্রহ্মবৈবর্ত পুরাণের গণেশের জন্মকাহিনির সঙ্গে শনির যোগের কথা অনেকেই জানেন। তবু সেটার উল্লেখ না করলে এই রচনা অসম্পূর্ণ থেকে যাবে।

উক্ত পুরাণ মতে, শনি আদৌ কুদৃষ্টি নিয়ে জন্মাননি; বরং স্ত্রীর অভিশাপই তাঁর কুদৃষ্টির কারণ। একদিন শনি ধ্যান করছিলেন, এমন সময় তাঁর স্ত্রী সুন্দর বেশভূষা করে এসে তাঁর কাছে সঙ্গম প্রার্থনা করলেন। ধ্যানমগ্ন শনি কিন্তু স্ত্রীর দিকে ফিরেও চাইলেন না।

অতৃপ্তকাম শনিপত্নী তখন শনিকে অভিশাপ দিলেন, "আমার দিকে ফিরেও চাইলে না তুমি! যাও, অভিশাপ দিলুম,

এরপর থেকে যার দিকেই চাইবে, সে-ই ভস্ম হয়ে যাবে।" এরপর ঘটনাচক্রে

গণেশের জন্ম হল। সকল দেবদেবীর সঙ্গে শনিও গেলেন গণেশকে দেখতে। কিন্তু স্ত্রীর অভিশাপের কথা স্মরণ করে তিনি গণেশের মুখের দিকে তাকালেন না। পার্বতী শনির এই অদ্ভুত আচরণের কারণ জিজ্ঞাসা করলে শনি অভিশাপের বৃত্তান্ত খুলে বলেন। কিন্তু পার্বতী সেকথা বিশ্বাস করলেন না।

তিনি শনিকে পীড়াপীড়ি করতে শুরু করলেন। বারংবার অনুরোধের পর শনি শুধু আড়চোখে একবার গণেশের দিকে তাকিয়ে ছিলেন। তাতেই গণেশের মুণ্ড দেহ থেকে বিচ্ছিন্ন হয়ে যায়।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# ইরাকি মিলিশিয়াদের সাথে ইসরায়েলি জাহাজে যৌথ হামলার দাবি হুতিদের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইরাকি মিলিশিয়াদের সাথে সমন্বয় করে ইসরায়েলের জাহাজে যৌথ হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র গোষ্ঠী হুতি। দ্য ইসলামিক রেসিসট্যান্স ইরাকের সাথে মিলে তারা এই হামলার দাবি করেছে। ইরাকের গোষ্ঠীটি ইরান সমর্থিত। আল জাজিরার খবর অনুসারে, হুতি বিদ্রোহীরা ইসরায়েলের হাইফা বন্দরে তাদের চারটি জাহাজ টার্গেট করার দাবি করেছে। হুতি সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি টেলিভিশনে প্রকাশিত এক বিবৃতিতে বলেন, রবিবার তারা দুইটি সিমেন্টবাহী ট্যাংকারে ড্রোন হামলা করেন। একইসঙ্গে তারা দুটো কার্গো জাহাজে হামলা চালান। সারি বলেছেন, ভূমধ্যসাগরে তারা শর্টন এক্সপ্রেস নামে একটি জাহাজে হামলা চালান। তাদের উভয় হামলা সফল হয়েছে বলেও তিনি দাবি করেছেন।

ইসরায়েলের চ্যানেল-১২ এর খবরে বলা হয়, ভোরে হাইফা বন্দরে বিস্ফোরণ হয়। সেখানে আকাশ প্রতিরক্ষা ক্ষেপণাস্ত্র ছোড়া হয়। তবে এটা করার আগে ইসরায়েলি সেনাবাহিনী সতর্কতামূলক সাইরেন বাজায়নি। ইসরায়েলি সেনাবাহিনী হুতিদের দাবি নিয়ে কোনো মন্তব্য করেনি। তবে এক্সে তারা বলেছে, পূর্বদিক থেকে তাদের দেশের দিকে একটি ড্রোন যাচ্ছিল যেটা তারা ভূপাতিত করে।

এদিকে অপর এক ঘটনায় ব্রিটিশ মেরিটাইম সিকিউরিটি এজেন্সি ইউকেএমটিও জানিয়েছে, রবিবার ভোরে ইয়েমেনের কাছে লোহিত সাগরে ড্রোন হামলায় একটি বাণিজ্যিক জাহাজ ক্ষতিগ্রস্ত হয়েছে। ইয়েমেনের বন্দর নগরী হোদেইদাহ থেকে ১২০ কিলোমিটার পশ্চিমে এ হামলা চালানো হয় বলে জানিয়েছে ব্রিটিশ নৌবাহিনী পরিচালিত সংস্থাটি।

# তৃণমূল করায় মহিলাকে মাটিতে ফেলে পিটুনি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নির্বাচন শেষ হতে না হতেই আবারো উত্তপ্ত হয়ে উঠেছে সন্দেশখালি। এবার তৃণমূল করায় এক মহিলাকে বেধড়ক মারধর করার অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। অভিযুক্ত বিজেপি নেত্রীদের বিরুদ্ধে সন্দেশখালি থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন নিগৃহীতা মহিলা। তিনি তৃণমূলকে সমর্থন করেন। এই অপরাধে সন্দেশখালির খুলনার বাসিন্দা ওই মহিলাকে বেধড়ক মারধর করার অভিযোগে উত্তপ্ত উত্তর ২৪ পরগনার সন্দেশখালি। মহিলার অভিযোগ, তিনি তৃণমূলকে সমর্থন করেন। বিজেপির লোকজন তাকে একাধিকবার তৃণমূল না করার জন্য হুমকি দিয়েছে। কিন্তু মহিলা তাদের কথা পাত্তা না দিয়ে তৃণমূলকেই সমর্থন করে গেছেন। এরপরই ওই মহিলাকে লাঠি দিয়ে রাস্তায় ফেলে মারধর করা হয় বলে অভিযোগ পাওয়া গেছে। পরে আহত অবস্থায় তাকে সন্দেশখালি গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরবর্তীকালে খুলনা হাসপাতালেও তার চিকিৎসা করা হয়। আপাতত তার অবস্থা স্থিতিশীল রয়েছেন বলে জানা গেছে।

বিজেপির হাতে নিগৃহীতা ওই মহিলা বলেন, 'আমরা তৃণমূল করি, ওরা বিজেপি করে। আমরা কেন তৃণমূল করছি, সেই হিংসায় আমাকে মারধর করল। বিজেপির জনক মণ্ডল, অপর্ণা মণ্ডল আমাকে মাটিতে ফেলে লাঠি দিয়ে মেরেছে। তার পর লাথি, ঘুষি, চড় মারতে থাকে। মোট ৫ জন আমাকে মেরেছে। ওরা সবাই বিজেপি করে কিন্তু আমরা বিজেপি করব না, তৃণমূলই করব।'

ঘটনায় অভিযুক্ত বিজেপি নেতা-কর্মীদের বিরুদ্ধে সন্দেশখালি থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। যদিও এই ঘটনায় একজনকেও এখনো পর্যন্ত গ্রেফতার বা আটক করতে পারেনি পুলিশ।

বিজেপির বসিরহাটের সাংগঠনিক জেলার সভাপতি তাপস ঘোষ অবশ্য এই ঘটনার সঙ্গে রাজনীতির কোন যোগ নেই বলে দাবি করেছেন। তিনি টেলিফোন সাক্ষাৎকারে বলেন, 'পাড়ায় ওরা পাশাপাশি থাকে। নিজেদের মধ্যে মারপিটের ঘটনা ঘটেছে। এখন স্বাভাবিকভাবেই এতে রাজনৈতিক রং লাগানোর চেষ্টা করবে তৃণমূল। এই ঘটনার সঙ্গে বিজেপির ঠিক সেভাবে কোনো সম্পর্ক নেই। বিজেপিকে জড়িয়ে অপপ্রচারের চেষ্টা হচ্ছে।'

তাপসের আরো দাবি করেন, 'এই এলাকায় তৃণমূল এখন অনেকটাই ব্যাকফুটে রয়েছে। তাই উদ্দেশ্যপ্রণোদিতভাবে গ্রাম্য লড়াইয়ের মধ্যে রাজনীতি টেনে এনে ফয়দা তোলার চেষ্টা করছে রাজ্যের শাসকদল।'

# সিনেমার খবর

## বছরের সবচেয়ে দামি নায়িকা দীপিকা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** প্রায় ১৬ বছর ধরে বলিউডে সেরা নায়িকাদের দৌড়ে প্রথম সারিতে রয়েছেন দীপিকা পাড়ুকোন। মা হওয়ার খবর জানানোর পরপরই বলিপাড়ায় একটি সুসংবাদ আসে তাকে নিয়ে। আইএমডিবি তালিকায় সবচেয়ে বেশি দেখা অভিনেত্রীর স্থানে নাম আসে তার। এবার তালিকায় সবচেয়ে দামি অভিনেত্রী হিসেবে নাম লিখিয়ে নিলেন তিনি।

ভারতীয় গণমাধ্যমের খবর, আলিয়া ভাট, কঙ্গনা রানাউত, প্রিয়াঙ্কা চোপড়া এবং ঐশ্বরিয়া রাই বচ্চনকে হারিয়ে সর্বোচ্চ পারিশ্রমিকপ্রাপ্ত নায়িকার তালিকার শীর্ষে অবস্থান করেছেন দীপিকা। যদিও এই তালিকায় কোনো দক্ষিণী অভিনেত্রীর নাম নেই। সম্প্রতি ইন্টারনেট মুভি ডাটাবেজ - আইএমডিবি এর সাহায্যে একটি তালিকা তৈরি করে ফোর্বস। সেখানে ভারতের ২০২৪ সালের সবচেয়ে বেশি পারিশ্রমিকপ্রাপ্ত অভিনেত্রী হিসেবে দীপিকা পাড়ুকোনকে ঘোষণা করা হয়।

আইএমডিবির তথ্য অনুসারে, অভিনেত্রীর বর্তমান পারিশ্রমিক ভারতীয় মুদ্রায় ১৫ কোটি থেকে ৩০ কোটি টাকা। তালিকায় এরপর রয়েছেন অভিনেত্রী-রাজনীতিবিদ কঙ্গনা রানাওয়াত। যার প্রতি সিনেমায় পারিশ্রমিক ১৫ কোটি থেকে ২৭ কোটি টাকা। এবং প্রতি সিনেমায় ১৫ কোটি থেকে ২৫ কোটি রুপি পারিশ্রমিক নিয়ে তালিকায় তৃতীয় স্থান দখল করেছেন প্রিয়াঙ্কা চোপড়া।

এছাড়াও চতুর্থ স্থানে রয়েছেন বলিউড অভিনেত্রী ক্যাটরিনা কাইফ। প্রতি সিনেমার জন্য যার পারিশ্রমিক ১৫ কোটি থেকে ২৫ কোটি টাকা। এবং প্রতি ছবি ১০ থেকে ২০ কোটি টাকা পারিশ্রমিক নিয়ে পঞ্চম স্থানে রয়েছেন আলিয়া ভাট।

তালিকায় অন্যদের মধ্যে রয়েছেন কারিনা কাপুর, যার পারিশ্রমিক ৮ কোটি থেকে ১৮ কোটি টাকা। রয়েছেন বিদ্যা বালান, যার পারিশ্রমিক প্রতি ছবিতে ৮ কোটি থেকে ১৪ কোটি টাকা। তবে চলতি বছরে শীর্ষ ১০ সর্বাধিক আয়ের অভিনেত্রীর তালিকায় শেষের দিকে রয়েছেন অনুষ্কা শর্মা এবং ঐশ্বরিয়া রাই বচ্চন। প্রসঙ্গত, দীপিকা ও আলিয়ার হাতে বেশ কয়েকটি বড় বাজেটের ছবি রয়েছে। দীপিকাকে এই মাসের শেষের দিকে প্রভাস এবং অমিতাভ বচ্চনের বিপরীতে 'কল্কি ২৮৯৮ এডি'-তে দেখা যাবে। এছাড়াও পাইপলাইনে রয়েছে 'সিংহম ৩' এবং আরও কয়েকটি চলচ্চিত্র।

## যে কারণে কানে শুনছেন না অলকা ইয়াগনিক



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বিরল স্নায়ু রোগে আক্রান্ত ভারতীয় সংগীত শিল্পী অলকা ইয়াগনিক। এর ফলে তিনি হঠাৎ করেই শ্রবণ শক্তি হারিয়ে ফেলেছেন। ভারতীয় গণমাধ্যম টাইমস অব ইন্ডিয়ার খবরে বলা হয়েছে, সিনেমায় তিন দশক ধরে গান গাওয়া এই শিল্পী ইনস্টাগ্রামে এক পোস্টে নিজেই অসুস্থতার খবর দিয়েছেন।

অলকা বলেছেন, দেশেই তার চিকিৎসা চলছে। উচ্চশব্দে গান শোনা ও হেডফোন ব্যবহারে সতর্ক থাকতে সহশিল্পীদের অনুরোধও জানিয়েছেন তিনি।

অলকা ইয়াগনিক জানিয়েছেন, কয়েক সপ্তাহ আগে প্লেন থেকে নামার পর হঠাৎ করেই তিনি কিছুই শুনতে পাচ্ছিলেন না। চিকিৎসকরা পরীক্ষা নিরীক্ষা করে জানিয়েছেন ভাইরাস সংক্রমণের ফলে একটি বিরল স্নায়ুরোগে আক্রান্ত হয়েছেন তিনি। সে কারণেই কানে শুনতে পাচ্ছেন না।

অলকা বলেন, 'পরিস্থিতির সঙ্গে মানিয়ে নেওয়ার চেষ্টা করছি। আমাকে আপনাদের প্রার্থনায় রাখবেন।'

৫৮ বছর বয়সী অলকা ইয়াগনিক সবশেষ গান গেয়েছেন 'ক্রু' এবং 'অমর সিং চামকিলা' সিনেমায়। ৬ বছর বয়েসে অল ইন্ডিয়া রেডিওতে গান গেয়ে ক্যারিয়ার শুরু করেন অলকা। এখন পর্যন্ত ২০ হাজারের বেশি গান রেকর্ড করেছেন তিনি। বহুবার পেয়েছেন ফিল্মফেয়ার পুরস্কার।


## দীপিকার সাবেক প্রেমিকের বিয়ে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দীপিকা পাড়ুকোনের সাবেক প্রেমিক সিদ্ধার্থ মালিয়া বসছেন বিয়ের পিঁড়িতে বসছেন। সিদ্ধার্থের সঙ্গেই এক সময় জমজমাট প্রেম ছিল দীপিকার। রণবীর কাপুরের সঙ্গে বিচ্ছেদের পরই দীপিকার জীবনে টাটকা বাতাসের মতো এসেছিলেন সিদ্ধার্থ। একসঙ্গে ডিনার ডেট থেকে আইপিএল ভিআইপি স্ট্যান্ডে আচমকাই দীপিকাকে জড়িয়ে ধরে সিদ্ধার্থের চুম্বন; কোনও কিছুই নজর এড়ায়নি ছবিশিকারিদের। এ জুটির সম্পর্কের শেষটা কিন্তু ছিল তিক্ততায় ভরা। প্রেম ভাঙার পর বার বার দীপিকার দিকেই আঙুল তুলেছেন সিদ্ধার্থ। এবার দীর্ঘ দিনের প্রেমিকা জেসমিনকে বিয়ে করতে চলেছেন সিদ্ধার্থ।

শিল্পপতির পুত্র সিদ্ধার্থ একটি ছবি পোস্ট করে লিখেছেন, 'বিয়ের সপ্তাহ শুরু হয়ে গেছে।' ২০২৩-এ জেসমিনকে বিয়ের প্রস্তাব দিয়েছিলেন সিদ্ধার্থ। সেই সময় দু'টি ছবিও শেয়ার করেছিলেন সামাজিক যোগাযোগমাধ্যমে। গত বছর হ্যালোউইনের পার্টির সাজে হাঁটু মুড়ে বসে জেসমিনকে বিয়ের প্রস্তাব দেন তিনি। চলতি সপ্তাহে এবার চার হাত এক হচ্ছে সিদ্ধার্থ-জেসমিনের।

## আবারও মঞ্চে ফিরতে যাচ্ছেন অঞ্জন দত্ত



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** যে থিয়েটারের মঞ্চ থেকে অভিনেতা, গায়ক অঞ্জন দত্তকে সিনেমায় নিয়ে এসেছিলেন প্রখ্যাত চলচ্চিত্রকার মৃণাল সেন, অনেক কাল বাদে সেই মঞ্চে ফিরতে চলছেন অঞ্জন।

উইলিয়াম শেক্সপিয়ারের 'কিং লিয়ার' নাটকটি নিয়ে প্রত্যাবর্তন অধ্যায় শুরু করতে চান অঞ্জন দত্ত। দর্শকদের উদ্দেশে অঞ্জন বলেন, "আপনারা নানা জায়গায় ছড়িয়ে আছেন। জানি কলকাতায় এসে আমার থিয়েটার দেখা সম্ভব নয়। তবে মৃণালদা (মৃণাল সেন) কিন্তু চাইতেন আমি থিয়েটারটা না থামাই। তাই এ বছর সিনেমা আর নয়। থিয়েটার করব। শেক্সপিয়ারের 'কিং লিয়ার' করব ভাবছি। এই ৭১ বছর বয়সে এসে আবার থিয়েটারে মজায় ফিরব।”

প্রথম জীবনে অঞ্জন ছিলেন সাংবাদিক। একই সঙ্গে নাটক করতেন। 'চালচিত্র' সিনেমায় অভিনয়ের সুযোগ দিয়ে ১৯৮১ সালে অঞ্জনকে প্রথম বড় পর্দায় নিয়ে আসেন মৃণাল সেন। এরপরে বেশ কয়েকটি সিনেমা করেন অঞ্জন।

নব্বইয়ের শুরু থেকে টানা কয়েক দশক গানে ডুবে আছেন অঞ্জন। কেবল অ্যালবাম নয়, ঢাকা-কলকাতাসহ বিভিন্ন শহরে কনসার্ট করে বেরিয়েছেন। গানের সঙ্গে ১৯৯৮ সাল থেকে সিনেমাও বানিয়ে চলেছেন তিনি। হালের ওটিটিতেও তার পদার্পণ হয়েছে। পাশাপাশি চলেছে অভিনয়।

কিছুদিন আগে ওটিটি এবং প্রেক্ষাগৃহ দুই জায়গায় মৃণাল সেনকে নিয়ে অঞ্জনের পরিচালনায় মুক্তি পেয়েছে 'চালচিত্র এখন'। সেখানে মৃণাল সেনের ভূমিকায় অভিনয় করেছেন অঞ্জন দত্ত। আর অঞ্জনের ভূমিকায় দেখা গেছে তরুণ অভিনেতা শাওন চট্টোপাধ্যায়কে।

## ধর্ষিতার চরিত্রে কারিনা, সঙ্গে আয়ুষ্মান





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** সত্য ঘটনা অবলম্বনে বলিউডে ছবি তৈরি এখন বেশ ট্রেন্ডিং। দর্শক মহলেও বেশ গ্রহণযোগ্যতা পেয়েছে তা। বিখ্যাত চলচ্চিত্র নির্মাতা মেঘনা গুলজার , 'তলওয়ার', 'রাজি', 'ছপক' এবং সম্প্রতি 'স্যাম বাহাদুর'-এর মতো প্রশংসিত এবং সফল চলচ্চিত্রগুলির জন্য পরিচিত। তিনি ২০১৯ সালের কিছু সত্য ঘটনার উপর ভিত্তি করে ছবি তৈরি করবেন। পরিচালকের আগামী ছবির বিষয় হায়দ্রাবাদ ধর্ষণকাণ্ড। ছবিতে মুখ্য ভূমিকায় অভিনয় করবেন কারিনা কাপুর খান। তার সঙ্গে জুটি বাঁধতে চলেছেন আয়ুষ্মান খুরানা।

মেঘনা গুলজার তার গল্পকে সুন্দরভাবে চলচ্চিত্রে তুলে ধরার জন্য সুপরিচিত। সংবেদনশীল ঘটনার সঙ্গে বাস্তব ঘটনাগুলিকে তিনি বরাবর তুলে ধরেছেন পর্দায়। তার পরিচালনায় ভিকি কৌশল অভিনীত 'স্যাম বাহাদুর' সমালোচকদের প্রশংসা কুড়িয়েছে।

পিঙ্কভিলার এক প্রতিবেদনে বলা হয়েছে, কারিনা ও আয়ুষ্মানের সঙ্গে কথাবার্তা চলছে মেঘনার। এই বছরের শেষের দিকে ছবিটির কাজ শুরু হবে বলে মনে করা হচ্ছে এবং বাকি কাস্টিংও চলছে। ২০১৯ সালের ভয়াবহ হায়দরাবাদ ধর্ষণ মামলার উপর ভিত্তি করে তৈরি হবে সিনেমাটি। শোনা যাচ্ছে, মামলার বিবরণ দেখে হতবাক হয়েছিলেন অভিনেতারাও।

প্রতিবেদনের একটি সূত্রের উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে, 'মেঘনা গত কয়েক বছর ধরে এই বিষয়ে তার সমস্ত গবেষণা করেছেন এবং তার চিত্রনাট্যের জন্য একটি শক্তিশালী উৎস উপাদান রয়েছে। এমনকী করিনা এবং আয়ুষ্মানও এই বিশেষ প্রকল্পে যুক্ত হওয়ার জন্য উন্মুখ হয়ে রয়েছেন।'

তবে আয়ুষ্মান কিংবা কারিনা কেউই এখনো ডটেড লাইনে স্বাক্ষর করেননি। নির্মাতারা এই বছরের শেষের দিকে চিত্রগ্রহণ শুরু করবেন এবং ২০২৫ সালের মধ্যে ছবিটি প্রেক্ষাগৃহে নিয়ে যাওয়ার পরিকল্পনা করছেন।

সম্প্রতি কারিনা কপুর খানকে দেখা গিয়েছে 'ক্রু' ছবিতে। ছবিটি বক্স অফিসে ভালোই সাড়া ফেলেছে। এছাড়াও অজয় দেবগনের 'সিংহম এগেইন'-এও দেখা যাবে তাকে। অপরদিকে আয়ুষ্মান খুরানাকে দেখা যাবে সানি দেওলের 'বর্ডার ২'-এ। সৌরভ গঙ্গোপাধ্যায়ের বায়োপিকের জন্যও তার নাম চূড়ান্ত করা হয়েছে বলে কানাঘুষো চলছে। তবে এখনো পর্যন্ত এই বিষয়ে কিছু নিশ্চিত খবর মেলেনি।

## ব্যর্থতার ঝুলি হাতে
# দেশে ফিরে ম্যানেজমেন্টকে যা বলতে চান বাবর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অপ্রত্যাশিতভাবে এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপ আসর থেকে গ্রুপ পর্ব থেকেই বিদায় নিয়েছে গতবারের রানার্স আপ পাকিস্তান। পুরো টুর্নামেন্টজুড়েই ব্যাটিং দৈন্যতা ভোগাচ্ছিলো ম্যান ইন গ্রিনদের। তাই বলে এতো বাজে অবস্থা? এমনটা আসলে কেউই ভাবেনি আগে। এমন কি ক্যাপ্টেন বাবর আজমও ভাবেননি তা। ইএসপিএন ক্রিকইনফো'য় প্রকাশিত এক হতাসাব্যঞ্জক সাক্ষাতকারে তেমনটাই জানিয়েছেন তিনি।

বাবর বলেছেন, আমরা দলগতভাবেই ভুল করেছি, শুধু একজন দুইজন না। যার খেসারত দিতে হয়েছে পুরো দলকে। এতে ভক্তরা যেমন হতাশ, আমরা আরো বেশি হতাশ।

এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপে আমরা সবাই একটা টিম হয়ে খেলতে পারিনি বলে মন্তব্য করে পাকিস্তান অধিনায়ক বলেন, দলে ১১ জন প্লেয়ার খেলেন। সবার আলাদা রোল থাকে। আমি ১১ জনের রোলেই খেলতে পারবো না। আমি শুধু আমার খেলাটা খেলতে পারি। আর ক্যাপ্টেন হিসেবে তাদের উদ্বুদ্ধ করতে পারি। কিন্তু কোনোটাই কাজে আসেনি। নিজেদের প্ল্যানটা মাঠে করে দেখাতে পারিনি। এই দায় আমাদের; স্কোয়াডের ১৫ জনেরই।

ক্রিকইনফোকে দেয়া সাক্ষাৎকারে বাবর আজম বলেন, আমরা যখন পাকিস্তানে ফিরে যাব, তখন পুরো টুর্নামেন্ট নিয়ে আলোচনা করবো। আমেরিকার মাটিতে কেন আমরা ব্যর্থ হলাম, তা খুঁজে বের করার চেষ্টা করবো। ক্যাপ্টেন হিসেবেও আমার কিছু বলার আছে। সেটা আমি টিম ম্যানেজমেন্টকে জানাবো।

# নয়্যার-মুলার-ক্রুসদের জন্য ইউরো জেতার লক্ষ্য জার্মানীর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ম্যানুয়েল্য নয়্যার, থমাস মুলার, টনি ক্রুস- জার্মান এই তিন অভিজ্ঞ খেলোয়াড়ের একসাথে বয়সের যোগফল ১০৬। ২০১৪ বিশ্বকাপ জয়ী এই তিন তারকার জন্যই হয়তোবা এটাই শেষ ইউরো চ্যাম্পিয়নশিপ। আর তাই বিদায় বেলায় দীর্ঘদিনের সঙ্গীদের আরো একটি শিরোপা উপহার দিতে মরিয়া সতীর্থরা।

মাঠের ঘনিষ্ঠ বন্ধু নয়্যার, মুলার ও ক্রুস ২৬ সদস্যের এবারের দলের এমন তিন খেলোয়াড় যাদের প্রত্যেকেরই জার্মানীর জার্সিতে ১০০রও বেশী আন্তর্জাতিক ম্যাচ খেলার অভিজ্ঞতা রয়েছে। শুধুমাত্র স্কোয়াডের সবচেয়ে অভিজ্ঞ খেলোয়াড় হিসেবে নয়, বিশ্ব ফুটবলে একসময় রাজত্ব করা জার্মানী দলের সদস্য হিসেবে তাদেরকে কিছু একটা উপহার দিতে চায় পুরো দল। তারা নিজেরাও এই বিদায়কে স্মরণীয় করে রাখতে মুখিয়ে আছে।

ইউরো ২০১৬'র সেমিফাইনালে ফ্রান্সের কাছে বিদায়ের পর থেকে বড় টুর্নামেন্টে জার্মানরা তাদের নামের প্রতি সুবিচার করতে পারেনি। পরপর দুটি বিশ্বকাপে গ্রুপ পর্ব থেকে বিদায়ের পর ইউরো ২০২০'এ ইংল্যান্ডের কাছে পরাজিত হয়ে নক আউট পর্বের প্রথম ম্যাচেই



ফিরতি পথ ধরেছিল জার্মানী। এবারের আসরে স্কটল্যান্ডকে ৫-১ গোলে উড়িয়ে দিয়ে ইউরো যাত্রা শুরু করেছে স্বাগতিকরা। প্রায় এক দশক পর বড় কোন টুর্নামেন্টে এটাই জার্মানীর সেরা পারফরমেন্স। ঘরের মাঠে শেষ হাসিটাও তাই হাসতে চাচ্ছে জার্মানীর অতি প্রিয় 'বুড়োরা'।

বড়দের পাশাপাশি স্কোয়াডে থাকা ছোটদের উপরও প্রত্যাশার চাপ কম নয়। ২১ বছর বয়সী জামাল মুসিয়াল, ফ্লোরিয়ান রিটজের উপর পুরো আক্রমনভাগ নির্ভরশীল। ২৫ বছর বয়সী কেই হাভার্টজও দলকে সম্প্রতি দারুন কিছু জয় উপহার দিয়েছেন। এ কারনেই বলতেই হয় সবচেয়ে অভিজ্ঞ দল হিসেবে এবারের ইউরোতে খেলতে নেমেছে জার্মানী।

২৮.৫ গড়ে জার্মান দলটি এবারের টুর্নামেন্টে সবচেয়ে বয়স্ক দল। ২৬ জন খেলোয়াড়ের মধ্যে ১০জনই ৩০ অথবা তার উর্ধ্বে বয়স।

শুক্রবার স্কটল্যান্ডের বিপক্ষে যে একাদশ নিয়ে স্বাগতিকরা মাঠে নেমেছিল তাদের গড় বয়স হিসেব করলে দেখা যায় ২০০০ সালের টুর্নামেন্টের পর সবচেয়ে বেশী বয়সী জার্মান দল। ৩৮ বছর বয়সী নয়্যার কোচ জুলিয়ান নাগলসম্যানের থেকে দুই বছর বড়। ক্রুস (৩৪) ও মুলার (৩৪) উভয়ই অধিনায়ক ইকে গুনডোগানের থেকে বয়সে বড়। ২০১১ সালে গুনডোগান জার্মান জার্সিতে অভিষিক্ত হন। কিন্তু পিঠের ইনজুরির কারনে ২০১৪ বিশ্বকাপ জয়ী দলে ছিলেন না। ২০০৯ সালের জুনে প্রথমবারের মত জার্মানীর হয়ে মাঠে নেমেছিলেন নয়্যার। নয় মাস পর একই ম্যাচে অভিষেক হয়েছিল মুলার ও ক্রুসের।

এবারের ইউরো শেষে আন্তর্জাতিক ফুটবল থেকে অবসরের ঘোষণা দিয়েছেন ক্রুস। এর আগে ২০২১ সালেও তিনি অবসর নিয়েছিলেন। কিন্তু ঘরের মাঠে ২০২৪ ইউরোকে সামনে রেখে আবারো ফিরে আসেন।

এই তিনজনের মধ্যে ক্রুস নিঃসন্দেহে স্কটল্যান্ডের বিপক্ষে নিজেকে সবচেয়ে বেশী প্রমান করেছেন। পুরো ম্যাচে তার ধৈর্য্য ও বলের নিয়ন্ত্রন সকলের চোখে পড়েছে। প্রাক-টুর্নামেন্টে বেশ কিছু ভুলের পরও নয়্যার মূল দলে তার জায়গা ধরে রেখেছেন শুধুমাত্র অভিজ্ঞতার জন্য। মুলার হয়তোবা নিজের সেরা ফর্মের থেকে কিছুটা পিছিয়ে আছে। কিন্তু তারপরও পুরো দল এখনো তার উপর আস্থাশীল।

ইউরো ২০২৪'র স্কোয়াড ঘোষনার সময় নাগলসম্যান মুলারকে একজন সংযোগকারী হিসেবে আখ্যা দিয়েছিলেন, যিনি নতুনদের সাথে পুরোনদের একটি মেলবন্ধনে দলের মধ্যে সবসময়ই সহযোগিতার হাত বাড়িয়ে দেন।

নয়্যার বলেছেন, তারা তিনজন মিলে দলের মধ্যে ইতিবাচক এক আমেজ উপহার দিয়েছেন, 'আমরা ইতোমধ্যেই অনেক অভিজ্ঞতা সঞ্চয় করেছি। দীর্ঘদিন ধরে দলের অনেক ভাল ও বাজে ম্যাচের সাথে আমরা জড়িয়ে আছি। শুরুতে কেউই জানে না সে আসলেই কোথায় দাঁড়িয়ে আছে।'

তবে নয়্যার বলেন জার্মানী তাদের পা মাটিতেই রেখেছে। টুর্নামেন্টে দূরন্ত সূচনার পরও কেউই আত্মতুষ্টিতে ভুগছে না।

# কোপায় জাদু দেখাবেন মেসি, আত্মবিশ্বাসী স্কালোনি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোপা আমেরিকায় লিওনেল মেসি জাদু দেখাতে প্রস্তুত। আর্জেন্টিনা ভক্তদের এমন সুখবরই দিয়েছেন দলটির কোচ লিওনেল স্কালোনি। কোপায় আর্জেন্টিনার প্রথম ম্যাচ কানাডার বিরুদ্ধে শুক্রবার ভারতীয় ভোরে। এই মুহূর্তে মেসিরা প্রস্তুতি নিচ্ছেন আয়োজক দেশ আমেরিকার আটলান্টায়। সেখানে অনুশীলনে ফুরফুরে মেজাজে দেখা গেছে গোটা দলকে।

স্কালোনি বলেছেন, 'মেসি পুরো ফিট। আমেরিকায় জাদু দেখাতে তৈরি। ওকে দেখে গোটা দল উৎসাহে টগবগ করে ফুটছে। প্রত্যেকে নিজের সেরা ফুটবল খেলতে প্রস্তুত।; যুক্তরাষ্ট্রের পরিবেশের সঙ্গে মানিয়ে নেওয়া প্রসঙ্গে স্কালোনি বলেন, 'সবাই পেশাদার, নিজেদের কাজ জানে। গতবারের চ্যাম্পিয়ন হিসেবে আমাদের দায়িত্ব বেশি। আরও এক বার ট্রফি জিততে সবাই তৈরি।'

কোপায় গ্রুপ 'এ'তে আর্জেন্টিনার গ্রুপে কানাডা ছাড়া আছে চিলি ও পেরু। গ্রুপ 'বি'তে ইকুয়েডর, জামাইকা, মেক্সিকো ও ভেনেজুয়েলা। গ্রুপ 'সি'তে বলিভিয়া, আমেরিকা, পানামা ও উরুগুয়ে।

ব্রাজিল প্রথম ম্যাচে নামছে ২৫ জুন কোস্টারিকার বিরুদ্ধে। গ্রুপ 'ডি'-তে ব্রাজিল, কোস্টারিকা ছাড়া দুই দেশ কলম্বিয়া ও প্যারাগুয়ে। প্রতি গ্রুপ থেকে প্রথম দুটি দল শেষ আটে উঠবে।

## ভাঙল নাক,
# যেভাবে খেলবেন এমবাপ্পে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইউরোতে অস্ট্রিয়ার বিপক্ষে ম্যাচ জিতলেও নাক ভেঙেছে ফ্রান্সের ফুটবলার কিলিয়ান এমবাপ্পের। তবে নাকে কোনো রকমের অস্ত্রোপচারের দরকার পড়ছে না এই ফরাসি তারকার।

কিন্তু এবার এমবাপ্পেকে মাঠে নামতে হবে মাস্ক পরে। ফ্রান্সের ফুটবল ফেডারেশনের সভাপতি ফিলিপ দিয়ালো বিষয়টি নিশ্চিত করেছেন।

ম্যাচের ৯০ মিনিটে হেড করতে গিয়ে বিপাকে পড়েন এমবাপ্পে। অস্ট্রিয়ান ডিফেন্ডার কেভিন দানসোরের সঙ্গে সংঘর্ষে এমবাপ্পে নাকে চোট পান। এসময় তার নাক দিয়ে ঝরঝর করে রক্ত পড়তে দেখা যায়। এরপর তাকে মাঠে থেকে তুলে নেন ফ্রান্স কোচ দিদিয়ের দেশম।

ফরাসি বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, নাক ভাঙার পর এমবাপ্পেকে হাসপাতালে নেয়া হয়েছিল। স্থানীয় সময় রাত একটার দিকে হাসপাতাল ছেড়ে দলের সঙ্গে যোগ দেন তিনি। ফ্রান্স ফুটবল ফেডারেশনের সভাপতি জানিয়েছেন, পরীক্ষার পর দলের মেডিকেল স্টাফরা মনে করছে এমবাপ্পের নাকে অস্ত্রোপচারের প্রয়োজন নেই।

এমবাপ্পে অবশ্য নিজেই এক্স-এ মাস্কের জন্য পরামর্শ চেয়েছেন।

## টি-টোয়েন্টি বিশ্বকাপে
# ছক্কা হাঁকানো তালিকায় সেরা দশে হৃদয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গ্রুপ পর্বের খেলায় চার ম্যাচে ৩ জয়ে ৬ পয়েন্ট নিয়ে ২০২৪ টি-টোয়েন্টি সুপার এইট নিশ্চিত করেছে বাংলাদেশ। দুর্দান্ত বোলিংয়ে তানজিম হাসান সাকিব-মোস্তাফিজুর রহমানরা আছেন সর্বোচ্চ উইকেটশিকারীর তালিকায় সেরা দশে। তাওহিদ হৃদয় অন্য একটি তালিকার সেরা দশে আছেন।

ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে চলমান টি-টোয়েন্টি বিশ্বকাপ এরই মধ্যে পরিচিতি পেয়েছে বোলারদের বিশ্বকাপ হিসেবে।ওব্যাটারদের বধ্যভূমিখ্যাত বিশ্বকাপে বাংলাদেশের ব্যাটারদের অবস্থা বেশ হতাশাজনক। ৯৫ রান করে বাংলাদেশের সর্বোচ্চ রানসংগ্রাহক হৃদয় নেই ব্যাটারদের সেরা দশের তালিকায়। তবে গ্রুপ পর্ব শেষে সর্বোচ্চ ছক্কা মারা ব্যাটারদের তালিকায় প্রথম দশে আছেন তিনি।

৬ ছক্কা হাকিয়ে তালিকায় নিজের জায়গা করে নিয়েছেন হৃদয়। যার মধ্যে ডালাসে শ্রীলঙ্কার বিপক্ষে ২৪ বলে ৪০ রানের ইনিংস খেলার সময় মেরেছেন ৪ ছক্কা। ওয়ানিন্দু হাসারাঙ্গার বিপক্ষে ছক্কার হ্যাটট্রিক করেছিলেন। হৃদয়ের সমান ৬টি করে ছক্কা মেরেছেন ট্রাভিস হেড ও চারিথ আসালাঙ্কা।

বিশ্বকাপে এখনো পর্যন্ত ছক্কা মারার দিক থেকে যৌথভাবে শীর্ষে দুই আয়োজক দলের দুই ক্রিকেটার। যুক্তরাষ্ট্রের অ্যারন জোনস ও ওয়েস্ট ইন্ডিজের নিকোলাস পুরান দুজনেই মেরেছেন ১৩ ছক্কা। মঙ্গলবার (১৭ জুন) আফগানিস্তানের বিপক্ষে ৫৩ বলে ৯৮ রান করেছেন পুরান। মেরেছেন ৮ ছক্কা। আর জোনস তার ১৩ ছক্কার ১০টাই মারেন কানাডার বিপক্ষে। এছাড়া আফগানিস্তানের রহমানুল্লাহ গুরবাজ ও অস্ট্রেলিয়ার মার্কাস স্টয়নিস মেরেছেন ১০টি করে ছক্কা।

## ভারতের বিপক্ষে
# লজ্জার হারের পর যা বললেন শান্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রথমবারের মতো টি-২০ বিশ্বকাপের সেমিফাইনাল খেলার স্বপ্ন দেখেছিলেন নাজমুলরা। এজন্য ভারতকে হারাতেই হতো। শুধু হারালে হতো না, হারাতে হতো পরের ম্যাচে আফগানিস্তানকেও। এবার আর সেমিফাইনাল খেলা হচ্ছে না টাইগারদের। সুপার এইটে ভারতের বিপক্ষে জীবনবাজির ম্যাচটি হেরেছে ৫০ রানে।

এদিন টাইগারদের একাদশ দেখে বিস্মিৎ হওয়ার কথা যেকারো। একটিই পরিবর্তন, তাও আবার তাসকিন আহমেদের বদলে নেওয়া হয় জাকের আলি অনিককে। বাংলাদেশের একাদশে ছিলেন কেবল দুই পেসার। তিন স্পিনারের সবাই ব্যাট করতে জানেন।

প্রথমে ব্যাট করে ১৯৬ রান করে ভারত। ওই রান তাড়া করতে নেমে বাংলাদেশ ১৪৬ এর বেশি করতে পারেনি। কোনো ব্যাটার পাননি হাফ সেঞ্চুরির দেখাও। বাংলাদেশের খেলার ধরন দেখেও মনে হয়নি, জিততে পারবে তারা। ম্যাচশেষে নিজেদের কিছু করে দেখানোর চাওয়ার ঘাটতির কথা বলেছেন অধিনায়ক নাজমুল হোসেন শান্ত।

তিনি বলেন, 'আমার মনে হয় হাতে অনেক ব্যাটিং বিকল্প ছিল। কিন্তু আমরা যেটুকু দরকার, তেমন ইন্টেন্ট দেখাতে পারিনি। আমি প্রতিটি ম্যাচেই অবদান রাখার চেষ্টা করেছি কিন্তু আমার উচিত ছিল শেষ করে আসা।'

টস জিতে বোলিং নেয় বাংলাদেশ। কত রানের ভেতর প্রতিপক্ষকে আটকে রাখার লক্ষ্য ছিল বাংলাদেশের? শান্ত বলেন, 'আমরা ১৬০-৭০ রানের ব্যাপারে ভেবেছিলাম, এমন কিছু আমাদের জন্য ভালো হতো। কিন্তু যেভাবে তারা ব্যাট করেছে, কৃতিত্ব দিতে হয়। খেলোয়াড়রা এ ধরনের আবহাওয়ায় (বাতাস) অভ্যস্ত। আমার মনে হয় না এটা কোনো ইস্যু।'

এক বিশ্বকাপে বাংলাদেশের হয়ে সবচেয়ে বেশি উইকেট এখন রিশাদ ও তানজিমের। দু'জনেরই সমান ১১টি করে উইকেট এবারের আসরে। ২০২১ সালে সাকিব আল হাসানের নেওয়া ১০টি ছিল এতদিন সর্বোচ্চ।

ম্যাচশেষে দুই তরুণের প্রশংসা করে অধিনায়ক শান্ত বলেন, 'তানজিম সাকিব এই টুর্নামেন্টে দারুণ কাজ করেছে। আমার রিশাদের নামও বলা উচিত। আমরা অনেকদিন ধরে লেগ স্পিনার খুঁজছিলাম, তাকে পেয়ে ভালো হলো।'

# অস্ট্রেলিয়াকে হারিয়ে আফগানদের রূপকথা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সেন্ট ভিনসেন্টে অস্ট্রেলিয়ার বিপক্ষে আগে ব্যাট করে আফগানিস্তান তুলেছিল ১৪৮ রান। ১১৮ রানের উদ্বোধনী জুটির পর আকস্মিক ধস না নামলে সেটা হতে পারত আরও বড়। কিন্তু যা হয়েছে বোলিং সহায়ক উইকেটে সেটাই ছিল যথেষ্ট। বল হাতে পাওয়ারপ্লে শেষের আগেই তিন উইকেট তুলে নেন আফগান বোলাররা। মাঝে কিছুটা দুশ্চিন্তায় পড়তে হলেও, শেষদিকে আরেকবার নিজেদের বোলিং কারিশমা দেখান এশিয়ান দেশটির বোলাররা। রবিবার (২৩ জুন) কিংসটাউনে আর্নস ভ্যালে স্টেডিয়ামে টস হেরে ব্যাট করতে নেমে ইব্রাহিম জাদরান ও রহমানুল্লাহ গুরবাজের ফিফটিতে ভর করে নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেট হারিয়ে ১৪৮ রান করে আফগানিস্তান। জবাব দিতে নেমে আফগানিস্তানের বোলিং তোপে ও দুর্দান্ত ফিল্ডিংয়ে ১৯.২ ওভারে ১২৭ রানেই গুটিয়ে যায় অস্ট্রেলিয়া।

সুপার এইটের লড়াইয়ে বিশ্বচ্যাম্পিয়নদের ২১ রানে হারিয়ে চমকে দিয়েছে আফগানরা। যার ফলে, সেমিফাইনালে খেলার আশা বাঁচিয়ে রাখল দলটি। শেষ ম্যাচে বাংলাদেশকে হারালেই এবং ভারতের কাছে অস্ট্রেলিয়া হারলে ইতিহাস গড়বে তারা। তবে আজকের ম্যাচটি আফগানদের ইতিহাসে সবার ওপরেই লেখা থাকবে!

১৪৯ রান তাড়া করতে নেমে পাওয়ার প্লের ভেতরই সাজঘরে ফেরে অস্ট্রেলিয়ার টপ অর্ডার। প্রথম ওভারে ট্রাভিস হেডকে (০) বোল্ড করেন নাভিন উল হক। পরের ওভারে অধিনায়ক মিচেল মার্শকেও (১২) ফেরান ডানহাতি এই পেসার। পাওয়ার প্লের আগে ডেভিড ওয়ার্নারকে (৩) বিদায় করেন মোহাম্মদ নবি।

৩২ রানে ৩ উইকেট হারিয়ে ধুঁকতে থাকা অস্ট্রেলিয়ার হাল ধরেন ম্যাক্সওয়েল ও মার্কাস স্টয়নিস। ৩৯ রানের জুটিতে চাপ কাটিয়ে ওঠেন তারা। আর ম্যাক্সওয়েল ফেরেন রানের ছন্দে। এবারের আসরে এর আগে একদমই হাসেনি তার ব্যাট। কিন্তু ঠিক তখনই আগমন গুলবাদিন নায়েবের। সেন্ট ভিনসেন্টের উইকেটকে রীতিমত কথা বলিয়ে ছেড়েছেন তিনি। মিডিয়াম পেসে ছোট ছোট সুইংয়ে অস্ট্রেলিয়া ব্যাটারদের জন্য তৈরি করেছেন বিপদ।

১১তম ওভারে হাতে প্রথম বল তুলে নেন নায়েব। এসেই তৃতীয় বলে স্টয়নিসকে (১১) ফেরান এই মিডিয়াম পেসার। পরের ওভারে এলবিডব্লিউর ফাঁদে ফেলেন টিম ডেভিডকে। নিজের তৃতীয় ওভারে এসে সবচেয়ে বড় মাছ শিকার করেন তিনি। সেদিন অতিমানবীয় ইনিংস খেলে আফগানদের হৃদয় ভাঙা ম্যাক্সওয়েল আজও হাঁটছিলেন একই পথে। কিন্তু এবার তা হতে দেননি নায়েব। তার কিছুটা ওপরের দিকের ডেলিভারিতে ড্রাইভ করতে গিয়ে ব্যাকওয়ার্ড পয়েন্টে থাকা নুর আহমেদের হাতে ক্যাচ দেন ম্যাক্সওয়েল। ৪১ বলে ৬ চার ও ৩ ছক্কায় ৫৯ রানে ফেরেন ডানহাতি এই ব্যাটার।

বিপদ কেটে যাওয়ার পর আফগানিস্তানের জয় আর ঠেকায় কে! চার বল হাতে রেখেই অস্ট্রেলিয়াকে ১২৭ রানে গুটিয়ে দেয় তারা। ৪ ওভারে স্রেফ ২০ রান দিয়ে ৪ উইকেট শিকার করে ম্যাচসেরা হন নায়েব। সমান রান দিয়ে ৩ উইকেট ঝুলিতে নেন নাভিন।

## বিশ্বকাপে ব্যর্থতা :
# অধিনায়কত্ব ছাড়লেন উইলিয়ামসন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার টি-টোয়েন্টি বিশ্বকাপে গ্রুপপর্ব থেকেই বিদায় নিতে হয়েছে নিউজিল্যান্ডের। ২০০৭ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরু হওয়ার পর যা প্রথম ঘটনা। অথচ সবশেষ সাতটি আইসিসি ইভেন্টে অন্তত সেমিফাইনালে খেলা ব্ল্যাকক্যাপসের নিয়ে এবার প্রত্যাশা করা হয়েছিল অধরা শিরোপাটা ছুঁয়ে দেখবে তারা। এমন ভরাডুবির পর তাই বোর্ডের সঙ্গে থাকা কেন্দ্রীয় চুক্তি থেকে নিজের নাম প্রত্যাহার করে নিয়েছেন কিউই অধিনায়ক কেন উইলিয়ামসন।

এর ফলে সাদা বলের ক্রিকেটে উইলিয়ামসনকে আর নেতৃত্বে দেখা যাবে না। তা ছাড়া কেন্দ্রীয় চুক্তিতে না থাকায় তাকে খেলানোর জন্য জোর করতে পারবে না বোর্ড। তবে নিউজিল্যান্ডের খেলাকে সর্বোচ্চ গুরুত্ব দেবেন বলেই জানিয়েছেন উইলিয়ামসন। যদিও জানুয়ারির উইন্ডোতে নিউজিল্যান্ডের হয়ে না খেলার সিদ্ধান্তের কথা জানিয়েছেন তিনি।

কেন্দ্রীয় চুক্তিতে না থাকলেও ক্রিসমাসের আগে নিউজিল্যান্ডের হয়ে ৮টি টেস্ট চ্যাম্পিয়নশিপের ম্যাচ খেলবেন বলেও নিশ্চিত করেছেন উইলিয়ামসন। সঙ্গে জানিয়েছেন ফেব্রুয়ারি-মার্চে পাকিস্তানে আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফিতেও অংশগ্রহণ করবেন তিনি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR